ডক্টর দাশের অবিস্মরণীয় উপন্যাস

স্বাধিকার—৬৲

ডবল ডিমাই ৩১৯ পৃষ্ঠার সুবৃহৎ উপন্যাস

যে বই নিয়ে কাড়াকাড়ি পড়ে গিয়েছে, সে বইটি আজই আপনার পাঠাগারে নিন।

শাশ্বত সাহিত্য — বহু প্রশংসিত, অপূর্ব্ব ও অনিন্দ্য।

রাজশেখর বসু — "নিপুণ হস্তে বাংলার এক দুর্দ্দিনের চিত্র এঁকেছেন।"

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় — "ডক্টর দাশ ঔপন্যাসিক হিসাবেও বিশিষ্ট সফলতা লা করিয়াছেন। তাঁহার ভাষা যুক্তিধর্ম্মী ও আবেগময়। বিশেষতঃ পারিপার্শ্বিক অবস্থার বিক্ষে ও অনিশ্চয়তা তাঁহার উপন্যাসে সুন্দর ভাবে প্রতিফলিত হইয়াছে। প্রেমের রমণীয়তা তাঁ গীতিধর্ম্মী ভাষার গুণে চমৎকার ভাবে ফুটিয়াছে। তাঁহার উন্নত আদর্শবাদ, ভবিষ্যৎ ভা রূপকল্পনাও তাঁহার উপন্যাসকে দেশাত্মবোধের মহনীয় প্রকাশে উন্নীত করিয়াছে।"

ডক্টর দাশের রসদীপ্ত রচনাসম্ভার

১। The soul of India — Rs. 12

A book that may change your whole life. It contains the illuminati and fascinating lectures delivered by him in different part of the globe.

২। বিশ্বপরিক্রমা (প্রথম পর্ব্ব) ৩৲

৩। য়ুরোপ (ভ্রমণ-স্মৃতি) ৫৲

৪। ভারত-বাণী — ৬৲ — সর্ব্বত্র প্রশংসাধন্য অনুপম গ্রন্থ।

৫। Vaishnava Lyrics—৩৲ ৬। রাজাবর্দ্ধন — ২৲ ৭। একলব্য —

৮। বৈদিক জীবনবাদ — ১৲

ভারত-সংস্কৃতিপরিষদের বই

১। Indian culture—Rs. 10 ২। ভারত-সংস্কৃতি—৫৲ ৩। মহেন্দ্রনাথ

আলোক-তীর্থ

প্লট ৪৬৭, নিউ আলিপুর, কলিকাতা—৩৩

P36201

আন্তর্জ্জাতিক চাউল কমিশন

কর্ত্তৃক

উচ্চ প্রশংসিত

যে কোন উৎসবে

সুগন্ধি

বাসমতী চাউলের

'পোলাও'

পরম উপভোগ্য

পশুপতি দাস এণ্ড সন্স প্রাইভেট লিমিটেড

"ভারতের সর্ববিধ চাউলের শ্রেষ্ঠতম জাতীয় প্রতিষ্ঠান"

৪৩/২ ও ৩৭ এ, সুরেন্দ্র নাথ ব্যানার্জী রোড, কলিকাতা-১৪

টেলিফোন : ২৪-৪৩৮১/৮২ টেলিগ্রাম : 'রাইসকিংস'

বিঃ দ্রঃ কমবেশী যে কোনও পরিমাণ চাউল বাড়ীতে পৌঁছাইয়া দিবার ব্যবস্থা আছে।।

রবিবার সম্পূর্ণ বন্ধ।

আহারের পর দিনে দু'বার..

সব খাতুতে স্বাস্থ্য লাভের শ্রেষ্ঠ উপায়

সুদৃঢ় স্বাস্থ্যগঠনের জন্য সাধনার অবদান

দু' চামচ মৃতসঞ্জীবনীর সঙ্গে চার চামচ ম
দ্রাক্ষারিষ্ট (৬ বৎসরের পুরাতন) সেবনে অ
স্বাস্থ্যের দ্রুত উন্নতি হবে। পুরাতন ম
দ্রাক্ষারিষ্ট ফুসফুসকে শক্তিশালী এবং সর্দ্দি,
শ্বাস প্রভৃতি রোগ নিবারণ ক'রতে অত্যা
ফলপ্রদ। মৃতসঞ্জীবনী ক্ষুধা ও হজমশক্তি বর্দ্ধক ও
বলকারক টনিক। দু'টি ঔষধ একত্র সেবনে
আপনার দেহের ওজন ও শক্তি বৃদ্ধি পাবে, ম
উৎসাহ ও উদ্দীপনার সঞ্চার হবে এবং নবলব্ধ
স্বাস্থ্য ও কর্ম্মশক্তি দীর্ঘকাল অটুট থাকবে।

সাধনা ঔষধালয় • ঢাকা

কলিকাতা কেন্দ্র ডাঃ নরেশ চন্দ্র ঘোষ, এম·বি, বি-এস, আয়ুর্ব্বেদ-আচার্য্য, ৩৬, গোয়ালপাড়া রোড, কলিকাতা-৩৭

অধ্যক্ষ ডাঃ যোগেশ চন্দ্র ঘোষ, এম-আয়ুর্ব্বেদশাস্ত্রী, এফ,সি,এস, (লণ্ড এম,সি,এস (আমেরিকা), ভাগল কলেজের রসায়ণ শাস্ত্রের ভূত অধ্যাপক।

DR. BISHNU'S

GASTRIC MIXTURE

For
Indigestion
Acidity
Gastric and
Duodinal
ulcers,
Colic Pains
Liver Troubles
High Blood
Pressure,
Insomnia
Hystoria
Rheumatic
Pains.



ইহা
সর্বপ্রকার
অম্ল, অজীর্ণ
গ্যাসট্রিক ও
ডিওডিনাল
আলসার,
শূলব্যথা,
লিভারের ব্যথা,
হাই ব্লাড্ প্রেসার
অনিদ্রা
হিষ্টিরিয়া ও
বাতের বেদনা
নাশক।

C. D. L.....

Batch. ... .

SAROJINI KUTIR

BARASET, W.BENGAL

BOOKS•ARE THE MOST PRECIOUS

JEMS OF LIFE.

FOR ALL BOOKS,

CONTACT

DAS GUPTA

& COMPANY PRIVATE LTD.

BOOKSELLERS SINCE 1886

54-3, COLLEGE STREET, CALCUTTA-12

Phone : 34-3875

আমাদের প্রকাশিত কয়েকখানি অমূল্য পুস্তক

সটীক, সচিত্র ও বিশুদ্ধ

সপ্তকাণ্ড

কৃত্তিবাস-রামায়ণ

কবিভূষণ **পূর্ণচন্দ্র দে**, কাব্যরত্ন, উদ্ভটসাগর, বি, এ, সম্পাদিত (চতুর্থ সংস্করণ)

বড়-বড় অক্ষরে নির্ভুল ছাপা। উৎকৃষ্ট কাগজে ১৫খানি ত্রিবর্ণ ও ১৬খানি একবর্ণ হাফটোন চিত্রে সুশোভিত। ইহাই একমাত্র সম্পূর্ণ ও সর্ব্বাঙ্গসুন্দর রামায়ণ।

মূল্য—১২৷৷০ টাকা।

সটীক, সচিত্র ও বিশুদ্ধ

অষ্টাদশপর্ব্ব

কাশীরামদাস-মহাভারত

শ্রীবিনোদলাল চক্রবর্ত্তী, এম্, এস, সি সম্পাদিত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বঙ্গভাষার অধ্যাপক ডক্টর **সুকুমার সেন**, এম্, এ, পি, এইচ, ডি লিখিত কাশীরামদাসের সংক্ষিপ্ত জীবনী ও ভূমিকা সংবলিত বড়-বড় অক্ষরে উৎকৃষ্ট কাগজে ছাপা। বহু ত্রিবর্ণ-রঞ্জিত চিত্র ও চিত্তাকর্ষক প্রচ্ছদপটে সুশোভিত।

মূল্য—১৬৲ টাকা।

সচিত্র

শ্রীমদ্ভাগবত

[সমগ্র মূলগ্রন্থের বাঙ্গালায় গদ্যানুবাদ]

পণ্ডিত-কুলতিলক আচার্য্য পঞ্চানন তর্করত্ন কৃত অনুবাদ অবলম্বনে পণ্ডিতপ্রবর **শ্রীযুক্ত শ্রীজীব ন্যায়তীর্থ**, এম্, এ, কর্ত্তৃক অনুদিত ও সম্পাদিত। মূল্য—১৫৲ টাকা।

চক্রবর্ত্তী চাটার্জি এণ্ড কোং লিঃ—৫নং কলেজ স্কোয়ার কলি-১২

THE CENTRAL BANK OF INDIA, LIMITED.

(Incorporated in India. Liability of Members is Limited.)

ESTABLISHED—December, 1911.

HEAD OFFICE :—Mahatma Gandhi Road, Fort, BOMBAY, No. I,

Authorised Capital	Rs. 6,30,00,000/-
Subscribed Capital	Rs. 5,76,66,125/-
Paid-up Capital	Rs. 3,14,54,250/-
Reserve Fund & other Reseves ...	Rs. 4,03,60,820/-
Deposits as at 31. 12. 57. ...	Rs. 1,55,14,50,664/-

DIRECTORS :

Sir Homi Mody K. B. E. (Chairman)

Cooverji Hormusji Bhabha Esq. (Vice-Chairman)

Dinshaw D. Romer Esq.,
Monmohandas Madhavdas Amersey Esq ,
Framroze J. Gazdar Esq.,
Sir Jamsetjee Jejeebhoy Bart Esq ,
Dharamsey Mulraj Khatau Esq.,
C. P. Wadia Esq.,
Chimanlal B. Parikh Esq.,
His Highness Sir Jiwajirao Madhavrao Scindhia, G. C. S. I., G C. I. E. Maharaja of Gwalior.,

Mr. N. K. Karanjia, General Manager.

Branches and Pay Offices throughout India, Pakistan, Burma & London.

LONDON BRANCH - 159 Fenchurch Street, LONDON E. C. 3.

NEW YORK AGENTS : The Guaranty Trust Co. of New York
The Chase Manhattan Bank.

Banking business of every description transacted on terms which may be ascertained by application.

LOCAL BRANCHES :—Calcutta—33, Netaji Subhas Road,
Ballygunge 200/2C, Rash Behari Avenue,
Barabazar—71, Cross Street,
Bhowanipur 8A, Russa Road,
Hatkhola—100, Sova Bazar Street,
New Market—10, Lindsay Street,
Shambazar—133, Cornwallis Street,
Howrah—18-A. Grand Trunk Road,

Branches in West Bengal :—Asansol, Bankura, Burdwan, Jalpaiguri, Kalimpong, Raiganj, Siliguri, Purulia.

Branches in Bihar :—Arrah, Bagaha, Bettiah, Bhagalpur, Chapra, Colgong, Darbhanga Deoghar, Forbesganj, Gaya, Jamshedpur, Jaynagar, Katihar,, Khagaria, Kishenganj, Lakhisarai, Motihari, Monghyr, Muzaffarpur, Patna, Patna City, Raxaul, Samastipur, Sahibganj, Sasaram, Sitamarhi, & Sewan.

Branch in Orissa :—Sambalpur.

KEEP YOURSELF WELL-INFORMED

THE "WEEKLY WEST BENGAL"	News magazine on current affairs : West Bengal, India and the World. Rs. 6 yearly. Rs. 3 half-Yearly.
THE "KATHA-BARTA"	Weekly news magazine in Bengali on Social and economic affairs of West Bengal. Rs. 3 yearly. Rs. 1. 50 half-yearly.
THE "BASUNDHARA"	Bengali monthly on rural agricultural economics and Co-operation. Rs. 2 yearly.
SRAMIK VARTA	Bilingual-Bengali and Hindi fortnightly on labour welfare. Rs. 1. 50 yearly and. 75 nP. half-yearly.
THE "PASCHIM BANGAL"	An illustrated weekly news magazine in Nepali. Rs. 3 yearly, Rs. 1. 50. half-yearly,
THE "MAGHREBI BANGAL"	Illustrated Urdu fortnightly on current affairs. Rs. 3 yearly, Rs. 1. 50 half-yearly.

N. B.—(i) Subscriptions are payable in advance ;
(ii) Advertisements accepted for all the journals ;
(iii) Wanted selling agents all over India ;
(iv) Copies are not supplied by V. P. P.

Please write to :—

THE DIRECTOR OF PUBLICITY,
HOME (PUBLICITY) DEPARTMENT
WRITERS' BUILDING, CALCUTTA.

আধুনিক অলঙ্কার শিল্পে

খাঁটি গিনি সোনার রুচি-সুন্দর

গহনার অভিজাত প্রতিষ্ঠান।

সততা এবং নির্ভরতা আমাদের বিশেষত্ব।

BECHARAM DAW

Manufacturing Jewellers
Gold and Silver smiths
and
General order Suppliers.

বেচারাম দাঁ

১০২/১ সুরেন্দ্রনাথ ব্যানার্জ্জি রোড, তালতলা

কলিকাতা—১৪

For SANITARY, DRAINAGE
& TUBE-WELL.

M. L. ROY & CO

East Bengal Plumbing Stores,

Importers, Dealers in Plumbing,
Tube-Well, C. I. R. W. Pipes,
Sanitary Goods & General
Order Suppliers,

HEAD OFFICE : 28, College Street Cal-12.
Phone : 34 3274
BRANCH OFFICE : 188A, R. B. Avenue
Calcutta-29.
Phone : 46-4824

মনোরম আসবাব, নিপুণ এবং রুচিকর,
সজ্জার জন্য আমাদের সন্ধান করুন।

SAHA DECORATING CO.

Contractors & General
order Suppliers

22, Russa Road, South Tollygange
Near Bara Masjid
Calcutta-33

MAJUMDAR CLINIC

Opticians and Dentists
43/3 Harison Road, Amherst Street Junctin,
Calcutta-9

অভিজ্ঞ চিকিৎসক শ্রীযুক্ত নীরদ ভূষণ মজুমদার মহাশয়ের সুপরিচালনায় অত্যল্প মূল্যে নিখুঁত চশমা দেওয়া হয় এবং উত্তমরূপে দাঁত বাঁধাই করা হয়।
সর্ব্ব প্রকার যত্ন লওয়া হয়—পরীক্ষা প্রার্থনীয়

ফোন : ৩৪-৩৭০০
৪৩/৩ হ্যারিসন রোড, কলিকাতা-৯

সূচী পত্র

জীবন মন্ত্র ১
ভারতযান ও সংস্কৃত—ডক্টর সুনীতি চট্টোপাধ্যায় ও ডক্টর মতিলাল দাশ ৩
ভারত সংস্কৃতি পরিষদের ইতিহাস—প্রীতিরাণী দাশ ৮
সায়ণাচার্য্য—স্বামী জগদীশ্বরানন্দ ১০
সুগত স্মরণে (কবিতা)—কালিদাস রায় ১৮
ভারতীয় সংস্কৃতি সাধনায় নারী—বীণাচক্রবর্ত্তী ১৯
প্রণাম (কবিতা)—মধুসূদন চট্টোপাধ্যায় ২২
নিরাকার নিরঞ্জন—মহর্ষি প্রেমানন্দ ২২
ভারত-সংস্কৃতিপরিষৎ— ২৭
আশা (গান) ২৯
Netaji Subhas—Dr. Matilal Das ৩০
Peace and Power ৩৩
The cultural week of the Bharat-Sanskriti Parishat (a report). ৩৬
Bharat-Sanskriti Parishat. ৩৭
The price of a song ৪৪

সেখানে সকলেই
পছন্দ করেন

লক্ষ্মীবিলাস

কেশ তৈল

*

এম. এল. বসু য়্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
লক্ষ্মীবিলাস হাউস, কলিকাতা-৯

ভারত-সংস্কৃতি পরিষদের সর্ব্বশ্রেষ্ঠ অবদান

ভারত বাণী ! ভারত বাণী

মূল্য ছয় টাকা মাত্র।

ভারত বর্ষের সভ্যতার এক চিন্ময় পরিচয়, পড়িলে আপনি ভারতকে চিনিবেন ও জানিবেন।

এই বইটি সম্বন্ধে **আনন্দবাজার বলেন**—"ডাঃ দাশ বিবিধ মহৎ বিষয়ে এক বৃহৎ গ্রন্থ লিখিয়াছেন। এই গ্রন্থ বিভিন্ন সময়ের লেখা ৩০টি প্রবন্ধের সংকলন ; কিন্তু বিষয়গুলির একটি যোগসূত্র আছে বলিয়া সেগুলি সহজেই গ্রন্থাকার পাইয়াছে। ইহাতে প্রধানতঃ বেদ বিষয়ে দশটি প্রবন্ধ আছে ; তাহা ছাড়া, উপনিষদ, গীতা সম্বন্ধে আলোচনা আছে। বুদ্ধ-জরথুস্ত্র এবং রামকৃষ্ণদেবের বাণী ব্যাখ্যা করা হইয়াছে। কালিদাস, বৈষ্ণব সাহিত্য, লোকসঙ্গীত, রবীন্দ্রনাথের সবিশদ পরিচয় দেওয়া আছে। ফলে ভারতীয় সংস্কৃতির একটা সামগ্রিক ছবিই প্রবন্ধগুলির মধ্যে ফুটিয়া উঠিয়াছে। ডাঃ দাশের ভাষা সরল অথচ বিষয়ানুরূপ গম্ভীর। প্রত্যেকটি প্রবন্ধে তাঁহার আন্তরিক প্রয়াস ও যত্নই যে শুধু প্রকাশ পাইয়াছে, তাহা নহে, আলোচ্য বিষয়গুলি তাঁহার সহজ আয়ত্তে থাকায় অপরের পক্ষেও ইহা অনায়সবোধ্য হইয়াছে।"

VAISHNABA LYRICS VAISHNABA LYRICS

মূল্য তিন টাকা মাত্র।

বৈষ্ণব পদাবলীকে ইংরেজী গদ্য কবিতার মাধ্যমে নবভাবে আস্বাদন করুন

বৈদিক জীবনবাদ

এক টাকা মাত্র !

বইটির সম্বন্ধে **যুগান্তর বলেন**—"কলিকাতা বিশ্ব-বিদ্যালয়ে লেখক কর্তৃক প্রদত্ত দুইটি ভাষণের সমবায়ে এই পুস্তকখানি প্রকাশিত হইয়াছে। বৈদিক জীবনবাদ ও কর্মবাদ মানুষকে দুর্বল করে ও বৈরাগ্যের দোহাই দিয়া কর্মবিমুখ করে, এই রকম ধারণা অনেকের আছে। এই সুলিখিত ভাষণ দুইটি তাঁহাদের পাঠ করিতে অনুরোধ করি। লেখক বেদের বিভিন্ন অংশ আলোচনা করিয়া দেখাইয়াছেন, বেদ মানুষকে, মাটির ধরাকে ভালবাসিতে, সুস্থ, সবল ও দীর্ঘ কর্মময় জীবন যাপন করিতেই শিখাইয়াছে ; পলায়মান ভীরুর মত সংসার ত্যাগ করিতে শিখায় নাই। রচনার প্রতিটি ছত্র উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করে।"

ভারত-সংস্কৃতি পরিষদ

আলোক-তীর্থ

ব্লক—কে, প্লট ৪৬৭, নিউ আলিপুর, কলিকাতা-৩৩

সংস্কৃতি

জীবন-মন্ত্র

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা
ভদ্রং পশ্যেমাক্ষভিঃ যজত্রাঃ।
স্থিরৈরঙ্গৈঃ তুষ্টুবাংসস্তনূভিঃ
ব্যশেম দেবহিতং যদায়ুঃ ॥

ওঁ দ্যৌঃ শান্তিরন্তরিক্ষম্ শান্তিঃ
পৃথিবী শান্তিরাপঃ শান্তিরোষধয়ঃ শান্তিঃ।
বনস্পতয়ঃ শান্তির্বিশ্বে দেবাঃ শান্তির্ব্রহ্ম শান্তিঃ
সর্ব্বম্ শান্তিঃ শান্তিরেব শান্তিঃ
সা মা শান্তিরেধি ॥

মিত্রস্য মা চক্ষুষা সর্ব্বাণি ভূতানি সমীক্ষন্তাম্
মিত্রস্যাহং চক্ষুষা সর্ব্বাণি ভূতানি সমীক্ষে।
মিত্রস্য চক্ষুষা সমীক্ষামহে ॥

সংগচ্ছধ্বম্ সংবদধ্বম্ সংবো মনাংসি জানতাম্।

ইন্দ্রং বর্ধন্তো অপ্তুরঃ কৃণ্বন্তো বিশ্বমার্য্যম্। অপঘ্নন্তো অরাব্ণঃ ॥

মধুমন্ মে পরায়ণং মধুমৎ পুনরায়নম্।
তা নো দেবা দেবতয়া যুবং মধুমতস্কৃতং ॥

অনুব্রতঃ পিতুঃ পুত্রো মাত্রা ভবতু সংমনাঃ।
জায়া পত্যে মধুমতীং বাচং বদতু শন্তিবাম্ ॥

মধুনক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধুদ্যৌরস্তু নঃ পিতা ॥

স নঃ পিতা জনিতা স উত বন্ধুঃ।

শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রা আ যে ধামানি দিব্যানি তস্থুঃ।

ভদ্রং নো অপি বাতয় মনো দক্ষমুত ক্রতুম্।
অধা তে সখ্যে, অন্ধসো বি বো মদে রণন্ গাবো ন যবসে বিবক্ষসে॥

অকামো ধীরো অমৃতঃ স্বয়ম্ভু রসেন তৃপ্তো ন কুতশ্চনোনঃ।
তমেব বিদ্বান্, ন বিভায় মৃত্যোরাত্মানম্ ধীরমজরম্ যুবানম্।

অনাগসো অদিতয়ে দেবস্য সবিতুঃ সবে।
বিশ্বা বামানি ধীমহি॥

ইন্দ্র শ্রেষ্ঠানি দ্রবিণানি ধেহি
চিত্তি দক্ষস্য সুভগত্বমস্মে।
পোষং রয়ীণাম্ অরিষ্টিং তনূনাম্
স্বাধ্যানং বাচঃ সুদিনত্বমহ্নাম্॥

ময়ি বর্চো অথো যশো থো যজ্ঞস্য যৎপয়ঃ।
তন্ময়ি প্রজাপর্তিদিধি দ্যামিব দৃংহতুঃ॥

অশ্মন্বতী রীয়তে সংরভধ্বম্ উত্তিষ্ঠত প্র তরতা সখায়ঃ।
অত্রা জহাম যে অসন্নশেবাঃ শিবান্ বয়মুত্তরেমাভি বাজান্॥

চক্ষুর্নো ধেহি চক্ষুষে, চক্ষুর্বিখ্যৈ তনূভ্যঃ
সং চেদং বি চ পশ্যেম।

ভারতযান ও সংস্কৃত

ডক্টর শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

ও

ডক্টর শ্রীমতিলাল দাশ

পৃথিবীতে নানাজাতি মানুষের বাস। পৃথিবীর যে সংস্কৃতি সে এই নানা জাতি মানুষের আহৃত উপাদানের সমবায়ে সমৃদ্ধ। সর্ব্বমানবের সমষ্টিগত আত্মপ্রকাশের অভিব্যক্তিকেই আমরা সভ্যতা বলি। সভ্যতার ইতিহাসে বিশেষ বিশেষ মানবগোষ্ঠী যে বিশেষ দান করেছেন, যে বিশেষ শীল ও চর্য্যা বা আচরণ তাহাদিগকে চিহ্নিত করেছে—যে দৃষ্টিভঙ্গী তাদের স্বরূপ সুস্পষ্ট করে দেয়, তাকে জার্ম্মাণেরা বলে weltanschaung—এটাই তাদের Ism—হেলেনিক জাতির বৈশিষ্ট্য হেলেনিজম, হিব্রুজাতির হিব্রেইজম, বাংলায় আমরা বলতে পারি যান—গ্রীকযান, হিব্রুযান—ভারতযান।

ভারতবর্ষের রীতি, নীতি, ও ভারত-ধর্ম্ম যে বিশেষ পথের কথা বলে, যে পথে চলে, যে আদর্শে অনুপ্রাণিত, তাকেই সংক্ষেপে ভারত-যান বলা হয়েছে এই নিবন্ধে।

ভারত-সংস্কৃতির সেই দৃষ্টিভঙ্গী বলবার আগে, আমরা পৃথিবীর অন্যান্য জাতির দানের কথা বলছি। গ্রীক-জাতির weltanschaung—বা তাদের Attitude to life, তাদের way of life বা view of life হেলেনিজম। প্রাচীন গ্রীকদের হেলেনিজ বলা হত—তারা যে ভাবে চলেছে—সেই পথের মর্ম্মবাণী সৌন্দর্য্যবোধ। গ্রীকজাতির দৃষ্টিতে যা পড়েছে, তাকেই তারা সৌন্দর্য্যবোধে উদ্দীপ্ত করেছে—মানুষের দেহ ও পরিবেশের সুষমা তাদের কাছে নিখুঁত ভাবে পরিদৃষ্ট হয়েছিল। গ্রীক সাহিত্য ও কলায় এই দৃষ্টিভঙ্গী এনেছিল—পরিপূর্ণ সুষমা ও সামঞ্জস্য—যা সৌন্দর্য্যপিপাসায় বিভোর—যার গুহাহিত রহস্য রসবোধের রহস্যে অন্তর্নিহিত। কিন্তু এই রসবোধ উদ্বেল নয়, ফেনিল নয়, গ্রীসের মাত্রাবোধ অদ্বিতীয় ছিল—অত্যুক্তি ও উচ্ছ্বাসের অভাব ছিল, তার বদলে পরিমিতি বোধ তাদের সকল কাজে আনত শৃঙ্খলা। সর্ব্বোপরি ছিল মানবিকতা বোধ। দাসত্বপ্রথাকে চোখের বাইরে রাখলে, আমরা গ্রীকজাতির গণতান্ত্রিকতার আশ্চর্য্য স্ফুরণে বিস্ময়ই বোধ করি। বাস্তবপ্রিয়তা তাদের প্রথম বৈজ্ঞানিক করেছিল—প্রথম রাষ্ট্রতত্ত্ববিদ করেছিল। সমগ্র মানুষের প্রতি প্রীতি ও দরদকে গ্রীকেরা বলত Anthropotes—লাতিন ভাষায় সেটা হয়েছিল Humanitas—যাকে ইংরেজীতে বলা যায় Humanity. মানবপ্রীতি এক পরম সত্তার বোধে প্রস্ফুট হয়েছিল। গ্রীক দার্শনিক ও চিন্তাবীরদের রচনায় এই ভাগবত অনুভূতি নবীনতা দিয়েছিল। এই সমস্ত বিশেষত্বের সমাহারকেই আমরা বলি গ্রীকযান বা Hellenism. অন্য জাতির মধ্যে এসব ধারণা ছিল না তা নয়, তবে এই ভাবধারায় গ্রীক মনন ও ধ্যান প্রকর্ষ লাভ করেছিল।

হিব্রুযান খৃষ্টধর্ম্মের মাধ্যমে মধ্যযুগীয় এবং আধুনিক য়ুরোপীয় মানসের স্রষ্টা। হিব্রু মতবাদের প্রাধান্য রয়েছে ভাগবত বিশ্বাসে এবং ধর্ম্মবোধে—ভগবানের ঐক্য ও সর্ব্বশক্তিমত্তায় এবং সেবা ও পূজার মাঝে ব্যক্তিমানুষের সহিত এই পরম সত্তার সক্রিয় যোগ সম্বন্ধে হিব্রু জাতি বিশেষ গোঁড়া। এর থেকে এসেছে হিব্রু পাপবোধ—অনুতাপ ও প্রায়শ্চিত্তের মাধ্যমে মানুষ সেই পাপের শাস্তি থেকে পরিত্রাণ পেতে পারে। মানুষের পাপ সহজ নহে, কারণ তার শাস্তি চিরন্তন নরকবাস। এই ভাবধারা হিব্রু চিন্তাকে পরিপুষ্ট করেছে।

লাওৎজে এবং কনফুসিয়াস যে চীনা সংস্কৃতি গড়ে তুলেছেন—সেই চীনতন্ত্রে আমরা দেখি বিশ্বাতিশায়ী অদৃশ্য সত্তার সুগভীর অনুভূতি—মানুষ ব্যক্তি এবং সমষ্টি—উভয় ভাবেই সেই অসীমের সাথে সুর মেলাতে পারলে, সেই পরম ভূমার উপলব্ধির মাঝেই পাবে জীবনের ঈপ্সিত সুখ ও আনন্দ। কিন্তু এই অনন্তের আহ্বান মেনেও সামাজিক এবং রাজনৈতিক জীবনে মানুষকে মানতে হবে এক সুষম সংযত নিয়মানুগত্য—যে শীলপালন তাকে বিবর্দ্ধিত ও বিকশিত করবে।

য়ুরোপীয়তা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী। সে বিশ্বাস করে মানুষ বিজ্ঞানের বলে প্রকৃতিকে জয় করবে—বুদ্ধির দীপ্তিকে পরম প্রমা মনে করে সে পথ চলে, কিন্তু তা হলেও ভাব ও মননের মাঝে দার্শনিকতার উপলব্ধিকে সে তুচ্ছ করে না। মানবতাবোধ য়ুরোপযানের বৈশিষ্ট্য। য়ুরোপযানের সব চেয়ে দোষ তার ধর্ম্মের গোঁড়ামি এবং আভিজাত্যের অন্ধ গর্ব্ব—নিগ্রো নির্য্যাতন, ইহুদী নির্য্যাতন, এই হীন, নীচ ও জঘন্য মনোবৃত্তি জাত।

ইসলাম আরব যান, কিন্তু পরে ইরাণের সংস্পর্শে সুফীমতবাদে পরিণত হয়। ভারতীয়তা এবং গ্রীকভাব-ধারায় পুষ্ট হয়ে সুফীমতবাদ মানুষের হৃদয়ে গভীর প্রভাব বিস্তার করতে সক্ষম।

অনেকে জানেন না যে আফ্রিকারও একটী অবদান আছে—সেটা ব্যক্তিগত দর্শনের ফলে সুনীতিবাবু বলেন—জড় ও অজড়ে অদৃশ্যশক্তির উপলব্ধি, জীবনের চিরবিহ্বলতা, পরম সত্তায় বিশ্বাস, ব্যক্তির চেয়ে সমাজ বড় এই অনুভব, সুর, বর্ণ এবং রূপ এই তিন তত্ত্বের পরিপূর্ণ বোধ—এইগুলিকে আফ্রিকার নানা জাতির এক মিলিত জাতীয়তা বলা যেতে পারে।

ভারত-সংস্কৃতির যে দৃষ্টিভঙ্গীকে ভারতধর্ম্ম বা ভারতযান বলা যায়, তার স্বরূপ কি, তার পরিচয় কি? মূলতঃ ব্রহ্মবোধ—জগতের অনির্ব্বচনীয় পরম সত্তার উপলব্ধি। এই অনুভূতি আসে বোধিতে বা জ্ঞানে বা জ্ঞান ও ভক্তির সমন্বয়ে। সেই পরম ভূমা—সেই ব্রহ্ম—এক অবিভাজ্য সত্তা। সেই অরূপের প্রকাশ বহুরূপ—সেই প্রকাশের বৈচিত্র্যই নানা দেব ও দেবীর পুরাণ কথায় প্রকটিত। মানুষের পরম পুরুষার্থ সেই ব্রহ্মলাভ—অতীন্দ্রিয় অনির্ব্বাচ্য—তিনি বিশ্বানুগ অথচ বিশ্বাতিগ। প্রপঞ্চ তিনি অথচ প্রপঞ্চাতীত। ব্রহ্মোপলব্ধি হবে মানুষের অন্তরতম অন্তরে—মানুষের আচার ও আচরণ, শীল ও চরিত্র এই পরম বোধে উদ্দীপ্ত করতে হবে।

পৃথিবীতে দুঃখ ও ব্যথা আছে। সেই দুঃখাতিক্রমের পন্থা তিনটি—জ্ঞান, কর্ম্ম এবং ভক্তি। কর্ম্ম ও সংসারের চক্রে জীবনের খেলা চলে। মানুষের অবারিত কর্ম্মই তাহার অদৃষ্ট গড়ে এবং কর্ম্মানুসারেই মানুষের জন্মান্তর হয়।

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম—এই উপলব্ধি—জীবের প্রতি ভারতবর্ষের অসীম শ্রদ্ধা—সেবা ও কর্ম্মে শিবরূপী জীবের পূজা পরম ধর্ম্ম। এই মনোভাবের প্রকাশ দুইরূপ—অহিংসা নেগেটিভ—কিন্তু তার পরিপূর্ণ প্রকাশ দেখি উপেক্ষা, মুদিতা ও করুণা ও মৈত্রীতে। অপরের কৃত হিংসা ও অন্যায়কে মনে না করা উপেক্ষা—সর্ব্বকালে ও সর্ব্বাবস্থায় প্রফুল্লতা ও আনন্দবোধ মুদিতা—সহমর্ম্মিতার দরদকে করুণা বলা যায়, আর উপকারের মাধ্যমে মৈত্রী প্রতিষ্ঠিত হয়। মৈত্রী সক্রিয় বন্ধুত্ব।

ব্রহ্মবোধের সাথে রয়েছে ঋত-বোধ। এই ঋতই পৃথিবীকে ধারণ করে—জগৎকে পরিচালনা করে। ঋতম্ভরা প্রজ্ঞাই ভারতের কাম্য। গায়ত্রী মন্ত্রে প্রার্থনা—তিনি যেন আমাদের ধীকে পরিচালিত করেন। মনন করেই বলে মানুষ—মননশক্তি এই মানুষের সত্য পরিচয়। বুদ্ধিদীপ্ত যাত্রা বলেই ভারতবর্ষ সহিষ্ণু উদারতা জন্য জগজ্জয়ী কীর্ত্তির অধিকারী। "একম সদ্বিপ্রা বহুধা বদন্তি।

স্বাধ্যায় মানুষের শীল ও চরিত্রকে গঠন করে যে সংস্কৃত ভাষা অধ্যয়ন করে, তাহার হৃদয় সমুদার হয়, সর্ব্বভূতে প্রীতি, তাহার স্বাভাবিক—বিশ্বাত্মবোধ তাহার মননের বস্তু এবং ভগবৎপ্রেম সহজ ও সুন্দর হয়। আমাদের দেশে যে সমস্ত সংস্কৃতজ্ঞ পণ্ডিত আছেন, তাহাদের চরিত্র বিশ্লেষণ করলে আমরা দেখতে পাই—বিনয়নম্র

ব্যবহার, অতীন্দ্রিয় শক্তি ও সত্তায় বিশ্বাস, সর্ব্বভূতহিত বুদ্ধি, সকলের প্রতি শ্রদ্ধাশীল সহৃদয়তা, মার্জ্জিত নীতিবোধ এবং সংযমোজ্জ্বল দৃঢ়তা। মহাভারত বলেন—'যিনি নিত্য সকলের সুহৃৎ, যিনি কায়োমনবাক্যে সকলের হিতে রত, তিনিই ধর্ম্মবেত্তা।' এই শিক্ষা সংস্কৃতজ্ঞ পণ্ডিতের সহমর্ম্মিতাপূর্ণ আচরণে প্রত্যহ সুস্পষ্ট হয়।

দুঃখবাদ ও বৈরাগ্য বুদ্ধি ভারতীয় কোনও কোনও দার্শনিক চিন্তায় আসলেও, বৈরাগ্য এবং ইহলোকবিমুখতা ভারত-যান নহে। শাশ্বত দুঃখবাদ বা Pessimism ভারতধর্ম্ম নয়। চতুরাশ্রম ভারতীয় সমাজ জীবনের আদর্শের কাঠামো—গার্হস্থ্য জীবন সেখানে অনাদৃত নয়। ভগবানকে হিন্দু উমামহেশ্বর বা লক্ষ্মীনারায়ণ রূপেই কল্পনা করেন। ভগবানকে লাভ করতে হলে, সংসার ত্যাগ করতে হবে এ ধারণা মিথ্যা—অধ্যাত্মজীবনের শিক্ষাক্ষেত্র সংসার, তাই সংসার তুচ্ছ নয়, বিড়ম্বনা নয়। মায়াবাদ সমস্ত দর্শনের নয়।

যদিদং দৃশ্যতে কিঞ্চিৎ দৃশ্যজাতম্ পুরোগতং।
পরং ব্রহ্মৈব তদ্বিদ্ধি অজরামরমব্যয়ম্॥

যা কিছু দেখছ, তোমার সম্মুখে যা রয়েছে—তা সকলকেই পরব্রহ্ম মনে কর; অজর, অমর ও অব্যয় তিনিই সকল।

সবল জীবনবাদ—আনন্দমধুর মর্ত্ত্যপ্রীতি বৈদিক যুগ থেকেই ভারতীয় সংস্কৃতির বিশেষ চিহ্ন বলে ধরা যেতে পারে। ভারতীয় শিল্পকলায় ও স্থাপত্যে এই আনন্দ-প্রাচুর্য্য বর্ত্তমান। ঋগ্বেদের 'মধু বাতা ঋতায়তে' মন্ত্রে এই ভাব প্রকাশিত—পৃথিবীর সর্ব্বত্রই আনন্দের প্রস্রবণ, কারণ সর্ব্ব জগৎ আনন্দ থেকে জাত—আনন্দে পরিব্যাপ্ত। তাই বাতাস মধুধারা বয়, নদী সুধাধারা ক্ষরণ করে—ওষধী মধুময় হোক, রাত্রি ও দিন আনন্দ বিহ্বল হোক, পৃথিবীর ধূলিও হোক সুধাভরা—আকাশে দ্যুলোকও ভরুক অমৃতে। বনস্পতি হোক মধুময়—মধুময় হোক সূর্য্য, দশদিক মধুময় হোক।

এই আনন্দের আর এক দিক নীচের শ্লোকে অভিব্যক্ত :—

সম্পূর্ণং জগদেব নন্দনবনম্ সর্ব্বেঽপি কল্পদ্রুমাঃ।
গাঙ্গং বারি সমগ্রবারিনিবহ পুণ্যাঃ সমস্তাঃ স্ত্রিয়াঃ
বাচঃ প্রাকৃতসংস্কৃতশ্রুতিশিরো বারাণসী মেদিনী।
সর্ব্বাবস্থিতিরেব রম্যবিষয়া দৃষ্টে তু সত্যে পরে॥

পরম সত্যের যখন দর্শন হয়, তখন সম্পূর্ণ জগৎ নন্দন বনে পরিণত হয়, সর্ব্ব মানুষ কল্পতরু স্বরূপ হয়, সমস্ত জলরাশি গঙ্গা বারি, সমস্ত স্ত্রীজাতি পুণ্যবতী হয়, প্রাকৃত হোক, সংস্কৃত হোক, সমস্ত বাক্যই শ্রুতিসার হয়ে ওঠে, সমস্ত পৃথিবী বারাণসী তীর্থে পরিণত হয়, এবং সর্ব্ব অবস্থান রম্য ও আনন্দময় হয়। ভারত-যান ভারতীয় জীবনের চারিপাশে আবহাওয়ার মতন বর্ত্তমান এবং তার প্রকাশ সংস্কৃত ভাষায়। অনুবাদে সেটা কিছু জানা যায়, কিন্তু সে জানা সর্ব্বার্থসাধক নয়। সংস্কৃত প্রত্যেক ভারতীয়ের ব্যক্তিগত পিতৃধন এবং জাতীয় সম্পৎ—তাই প্রত্যেক ভারতীয়কে মৌলিক ভারতধর্ম্ম জানবার জন্য মূল সংস্কৃতের অধিগম করতে হবে। সংস্কৃতের প্রভাব ও প্রদীপ্তি তাই কখনও নিভতে পারে না এবং কমানোও উচিত নয়। অব্যাহত ধারায় সংস্কৃত ভারত-আত্মার বাণী হয়ে প্রকাশিত—তাই সংস্কৃতের অপরিমেয় বিভূতি প্রত্যেক ভারতীয়কে স্বীকার করে নিতে হবে।

সংস্কৃত বহির্ভারতের সহিত ভারতীয়ের যোগসূত্র। ভারতীয় সভ্যতার ধারক ও বাহকদের মধ্যে দুটি নাম অপরাজেয় ঐশ্বর্য্যে ঝলমল—মহর্ষি কৃষ্ণ দ্বৈপায়ন ব্যাস আর কৃষ্ণ বাসুদেব বার্ষ্ণেয়।

দ্বৈপায়ন বেদব্যাস ভারতের সমস্ত পুরাণী প্রজ্ঞাকে সংকলন ও সংগ্রহ করে চারি বেদ দিয়েছেন ভারতীয়কে—নিজে পঞ্চম বেদ মহাভারত লিখেছেন—তারপর জাতির যত কিছু আখ্যান, উপাখ্যান, ইতিহাস ও গল্প তার সমাবেশে আঠার খানি পুরাণ এবং আঠার খানি উপ পুরাণ লিখেছেন—তিনি পথিকৃৎ পরমর্ষি, ভারতীয় চিৎ-প্রকর্ষের পুরোধা রসশিল্পী।

কৃষ্ণ বাসুদেব ভারতের চিন্তাশীল নায়কদের সর্ব্বশ্রেষ্ঠ প্রকাশ। বৈদিক কর্ম্ম কাণ্ডের চেয়ে মহত্তর এক আদর্শের তিনি স্রষ্টা—আর্য্য ও অনার্য্যের উপাসনা পদ্ধতির সমন্বয়

তাহার অপূর্ব্ব কীর্ত্তি - হোম এবং পূজার মিলন তিনিই করেন—ভারতের মহামানবের সাগরতীরে মিলিত জাতি পুঞ্জের যে ধর্ম্ম হিন্দুয়ানি—তাহার প্রকাশক ও প্রচারক বেদব্যাস আর কৃষ্ণ। অনুলোম ও প্রতিলোম বিবাহের মাধ্যমে, ভারতের নানা বর্ণ এবং নানা জাতি এক সঙ্কর ও মিশ্রিত জাতিতে পরিণত হয়েছিল। আর্য্যেরা এসেছিলেন ভারতের বাইরে থেকে—তাদের সেই ইন্দো-য়ুরোপীয়ান ভাষার সন্তান সংস্কৃত—কালে সংস্কৃতের মধ্য দিয়ে আমরা পৃথিবীর অন্যত্র অবস্থিত সমগ্র ইন্দো-য়ুরোপীয়ান জাতির সঙ্গে আমাদের যোগসূত্র বজায় রাখি। সংস্কৃত পরে দক্ষিণপূর্ব্ব এশিয়ায় এবং ভারতীয় দ্বীপপুঞ্জে প্রসারিত এবং প্রচারিত হয়, তিব্বতে, চীনে, কোরিয়ায় এবং জাপানে বৌদ্ধধর্ম্মের প্রচারের সাথে সাথে সংস্কৃত আপন আধিপত্য প্রসার করে—অতএব সংস্কৃত ভারতের আন্তর্জাতিক সম্পৎ—এই ভাষার মাধ্যমেই ভারতবর্ষ য়ুরোপ এবং এশিয়ার সাথে আপন সম্বন্ধ এবং আধ্যাত্মিক মৈত্রী বজায় রেখেছে। সংস্কৃত তাই অপরিত্যাজ্য।

কিন্তু কেবল আন্তর্জাতিকতায় নয়—ভারতের বর্ত্তমান রাষ্ট্রনীতির গরজেই সংস্কৃতের মূল্য দিতে হবে। ভাষা হিসাবে সংস্কৃতের বুদ্ধি-প্রদীপ্ত অভিব্যক্তি অতুলনীয়, সংস্কৃত-সাহিত্য মানুষের ব্যক্তিত্ব এবং চরিত্রের স্ফুরণে পরম সহায়, কিন্তু সে কথা বিস্তার না করেও বলব—সংস্কৃতের প্রয়োজন আজও অকাট্য। প্রথমতঃ ভারতের সকল ভাষার —আর্য্য হোক, দ্রাবিড়ীয় হোক—সকল ভাষারই সম্পূরক। যখনই কোনও নূতন চিন্তার দ্যোতক কথার প্রয়োজন, তখনই সংস্কৃতের দ্বারস্থ হতে হয়—কারণ বর্ত্তমানের সকল ভাষাই ধার করে বড় হয়—গঠন করে নয়—তারা Borrowing languages, Building languages নয়। অতএব বর্ত্তমানের ভারতীয় ভাষাগুলির পুষ্টি ও পরিপূর্ণতার জন্যই সংস্কৃতশিক্ষা বর্জ্জন সম্ভবপর নয়।

দ্বিতীয়তঃ আমাদের জাতীয়তার ঐক্য ও সংহতি বজায় রাখতে সংস্কৃত অপরিহার্য্য—ভারতবর্ষ বহু বিচিত্র দেশ—এখানে ১৪টি ভাষা রাষ্ট্রতন্ত্রে রাষ্ট্রভাষার মর্য্যাদা পেয়েছে—আর কিছু কাল পরে হয়ত অন্যান্য অনগ্রসর ভাষাকেও সমমর্য্যাদা দিতে হবে। ভারতের এই নানা বর্ণ, নানা ভাষা, নানা ভাবধারার সমন্বয় করে, এক মৌলিক স্বকীয়তা সৃষ্টি করেছে সংস্কৃত ভাষা এবং ভারত-যান। কিন্তু হিন্দী ভাষাকে আমাদের রাষ্ট্রনায়কেরা যে ভাবে প্রাধান্য দিতে চাইছেন, তার ফলে ভারতে বিবদমান মনোবৃত্তির অভ্যুদয় অবশ্যম্ভাবী।

তখন কলহপর বিভিন্ন ভাষাভাষী রাষ্ট্র যোগসূত্র হারিয়ে পৃথক হয়ে যাবে—এবং ভারতবর্ষের ঐক্য ও সংহতি বিপন্ন হবে। সংস্কৃত ভাষা এবং সংস্কৃতভাষাপুষ্ট সভ্যতা ভারতের সমস্ত বিভিন্নতা, সমস্ত অনৈক্য এবং সমস্ত বৈচিত্র্যের সমন্বয় করেছে। সংস্কৃত ভাষাই চল্লিশ কোটি লোককে এক অচ্ছেদ্য বন্ধনে বেঁধেছে—এক মন এক প্রাণ করেছে। পাকিস্থানের সৃষ্টি ভারতের অচ্ছেদ্য অঙ্গকর্ত্তন—যার ফলে দেশে এসেছে অসহ্য দুঃখ, অবর্ণনীয় কষ্ট—তা সম্ভব হয়েছে—কারণ পাকিস্থানের স্রষ্টারা ভারতের এই মহান ঐতিহ্যের বাহক সংস্কৃত ভাষা এবং সেই ভাষার সংস্কৃতিকে মানেন নি।

প্রত্যেক দেশেই তার নিজস্ব সমস্যা আছে এবং তার নিজস্ব সমাধান আছে। আপাতরমণীয় অনেক আদর্শকে, আপাতমনোহর অনেক ভাষা এবং তন্ত্রকে আমরা গ্রহণ করতে উদ্যত হই—কিন্তু আমরা ভুলে যাই—যে পৃথিবীতে রয়েছে মানবগোষ্ঠীক অপরিহার্য্য ব্যবধান, কাজেই অভ্যুদয় একসাথে হওয়া সম্ভব নয়। সোভিয়েটে এবং চীনে যে ভাবে সমাধান হয়েছে ভাষা সমস্যা, ভারতবর্ষে ঠিক সেই ভাবে হওয়া সম্ভব নয়। চীনদেশের ঐক্য প্রতিষ্ঠিত রয়েছে চীনাপদ্ধতির লিখন ভঙ্গীতে, এবং তার পুরাণী সাহিত্যে—বিশেষ ভাবে তার লিখনপদ্ধতিতে। চীনে নানা ভাষা বর্ত্তমান—কিন্তু একই লিখনে লেখা যায় বলে, বর্ণমালার মাধ্যমে চীনার গড়ে উঠেছে ঐক্য। ক্যাণ্টনের চীনা আর সাংহাই প্রদেশের চীনা ভাষা এক নয়, কিন্তু একই বর্ণমালায় লেখা।

চীনদেশে চীনা বর্ণমালা যে কাজ করেছে এবং, করছে ভারতে সংস্কৃত ভাষা সেই কাজ করেছে এবং করছে। প্রতি শ্বাসে প্রশ্বাসে আমাদের বায়ুর প্রয়োজন, প্রতিনিয়ত দেখার

জন্ম আলোক চাই—কিন্তু আকাশস্থ আলোক এবং বায়ুকে যেমন আমরা কোন মর্য্যাদা দেই না—তাদের অভাব হলেই তাদের প্রয়োজনীয়তা উপলব্ধি করি—সংস্কৃত ভাষার অবদান তেমনই। সংস্কৃত ভাষাই ভারতের জীবনের ঐকান্তিক মিলন-রজ্জু—অতএব সংস্কৃত ভাষা এবং সাহিত্যকে সর্ব্বপ্রান্তে জাতীয় জীবন, জাতীয় সংস্কৃতি এবং জাতীয় শিক্ষার অবিচ্ছেদ্য অংশ হিসাবে বাঁচিয়ে রাখা একান্ত কর্ত্তব্য। হিন্দী প্রবর্ত্তনের আকুলতায় সংস্কৃতের এই মর্য্যাদা এবং অত্যাজ্য মূল্য যদি কেন্দ্রীয় শাসনকর্ত্তৃপক্ষ না দেন, জাতির সমূহ ক্ষতি করবেন।

দৃষ্টান্তস্বরূপ দেখানো যায় যে ইসরায়েল রাষ্ট্র হিব্রু ভাষা জাগরণের জন্য অদম্য চেষ্টা করছেন। হিব্রু মৃতভাষা, বর্ত্তমানে তার প্রয়োজন নেই—তবু শাস্ত্র পাঠের জন্য এবং জাতীয় ঐক্য প্রতিষ্ঠার জন্য হিব্রুর পোষণে আপ্রাণ চেষ্টা চলছে। অনুরূপ ভাবে আইরিশ জাতিও তাদের আইরিশ অভিধা, আইরিশ জাতীয়তা, আইরিশ দৃষ্টিভঙ্গী, বাঁচাবার জন্য আয়ার ভাষার পুনরুজ্জীবনের জন্য অমানুষিক চেষ্টা করছে। হিব্রু এবং আয়ারের চেয়ে সংস্কৃত ভাষার সাংস্কৃতিক মূল্য, উপাদেয়তা এবং আকর্ষণ অনেক অধিক।

আজ স্বাধীন ভারতবর্ষে প্রাদেশিকতা মাথা তুলছে—দুঃখের সঙ্গে আমাদের স্বীকার করতে হবে—ভারতের সংহতি বিপদাপন্ন—তাই আমাদের সংস্কৃতির ধারক ও বাহক সংস্কৃত ভাষাকে সর্ব্বসাধারণের ভাষা করে তুলতে হবে—আমাদের ঐক্য, সংহতি এবং অভ্যুদয় নির্ভর করছে তাই সংস্কৃতের বহুব্যাপক প্রভাবে এবং প্রসারে—তাকে অবজ্ঞা করলে জাতির সমূহ ক্ষতি।

কেবল আত্মিক উন্নতির জন্য নয়, কেবল আধ্যাত্মিক পিপাসার জন্য নয়, রাজনীতির দিক থেকে বিচার করলেও সংস্কৃত ভাষার দাবি অসামান্য। সমগ্র ভারতবর্ষের মিলনের রজ্জু সংস্কৃত—সংস্কৃতই ভারতের Fundamental unity নামক ভাবধারার প্রতিষ্ঠাপক।

ইংরেজী ভাষা এবং সংস্কৃত ভাষাকে বিতাড়নের চেষ্টা চলছে রাজনীতির রঙ্গমঞ্চে, শিক্ষাবিদেরা যেন সেই ভ্রান্তিতে বিভ্রান্ত না হন। আমাদের শিশুদের মানুষ করে তুলতে হলে, তাদের দিতে হবে সেই শিক্ষা, যা তাদের অন্তর্নিহিত বুদ্ধিবৃত্তি এবং সৃষ্টিশক্তিকে পরিপূর্ণ ভাবে জাগ্রত করে তুলবে। সংস্কৃত ও ইংরেজীকে বিদায় করে দিয়ে হিন্দীকে চালালে জাতির সামগ্রিক বিকাশে বিরাট বাধার সৃষ্টি হবে। হিন্দী প্রবর্ত্তন অহিন্দী ভাষী প্রত্যেক ভারতবাসীর বিরোধিতা লাভ করেছে—ফলে দেশে আসবে সঙ্কট, বিদ্রোহ ও রেষারেষি। হিন্দী ভাষা প্রবর্ত্তিত হলে যারা হিন্দী ভাষী নয়, তাহারা চিরকাল হিন্দীভাষীদের পিছনে পড়ে যাবে, এই মনোভাব বাড়ছে এবং মনোভাব যথার্থই বটে। কাজেই রাষ্ট্রনেতাদের আজ তাদের ভ্রান্ত নীতি বর্জ্জনের দিন এসেছে—আজ ভারতীয় রাষ্ট্রতন্ত্রে যে ভাষানীতি বলা হয়েছে—তার পরিবর্ত্তন একান্ত বাঞ্ছনীয় হয়ে উঠেছে।

দেশের যারা ভাবী নাগরিক, তাদের মানুষ করাই রাষ্ট্রের ও সমাজের প্রথম ও প্রধান কর্ত্তব্য। আত্মানুশীলনের এই প্রচেষ্টার বাইরের আর কোনও নীতি বা মতবাদ গ্রহণ করা উচিত নয়।

সংস্কৃতের একটী Perennial cultural and intellectual value আছে - সেই শাশ্বত সাংস্কৃতিক ও মানসিক মূল্যমানকে ত্যাগ কখনই কর্ত্তব্য নয়। সেই সাংস্কৃতিক পরিবেশ থেকে বঞ্চিত হওয়া একান্ত দুর্ভাগ্য হবে। ভারতীয় নাগরিকগণের ঐতিহ্য সংস্কৃতে নিবদ্ধ—সংস্কৃতের পরিবেশে তারা প্রতিপালিত, সংস্কৃতের সুরে তাদের হৃদয় ঝঙ্কৃত, তাদের সংস্কৃতের মত সমৃদ্ধ, অতুল ঐশ্বর্য্যময় ভাষাশিক্ষার আনন্দ থেকে টেনে এনে খড়িবোলি হিন্দী—(যা ভাবের দৈন্যে দীন, জ্ঞানের পরিধিতে হীন) শিখালে চূড়ান্ত নির্দ্দয়তা হবে।

জগতের সাথে আজ মানুষকে চলতে হবে - সেই জাগতিক আবহাওয়া গ্রহণ করতে হলে, ইংরেজী জানা চাই—কাজেই মাতৃভাষা, সংস্কৃত এবং ইংরেজী—এই তিন ভাষা শেখানোই বিদ্যালয়ের উদ্দেশ্য হবে। তিন ভাষার উপর চার ভাষা শিখতে গেলে অভ্যুদয় অসম্ভব হবে। বোঝাই ভারের বোঝায় সুকুমারমতি বালকেরা মানসিক পঙ্গুতায় পীড়িত হবে।

অতএব আমাদের আবেদন—সংস্কৃত ভাষাকে নিরপেক্ষ দৃষ্টিতে এবং তার বাস্তবমূল্যে বিচার করে আমরা যেন তাকে আমাদের জীবনের সর্ব্বক্ষেত্রে বরণ করে নেই। কেবল মানস অনুশীলনে নয়, কেবল আধ্যাত্মিক বিকাশে নয়, জীবনের সর্ব্বক্ষেত্রে এবং সর্ব্ব বিভাগে সংস্কৃত আসুক তার মহিমাময় বিভূতি নিয়ে—তার জগজ্জয়ী মাধুর্য্যে। ভারতের চিন্ময় আত্মার মূর্ত্তি সংস্কৃত—ভারতের সেই অবিনশ্বর জাতীয় ধন—সর্ব্বতোভদ্র সংস্কৃতকে যেন দেশের মানুষ তাহার প্রাপ্য মর্য্যাদা দেয়—অপর সকল ভাষার চেয়ে সংস্কৃত আমাদের পরমাত্মীয়, আমাদের শিরায় শিরায়, ধমনীতে ধমনীতে সংস্কৃতের, গড়া ভাবধারা আজও বইছে—তাকেই গ্রহণ করে, তাকেই সর্ব্বশ্রেষ্ঠ আসন দিয়ে আমরাও জগৎ-সভায় শ্রেষ্ঠ আসন নিতে পারব। †

ভারত-সংস্কৃতি পরিষদের ইতিহাস*

পরম শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, মায়েরা এবং ভায়েরা! আজ বড়ই আনন্দের দিন। ১৯৫০ সালের ১১ই নভেম্বর ভারত-সংস্কৃতি পরিষদের জন্মমুহূর্ত্ত দেবতার আশীর্ব্বাদে ধন্য ছিল। তাই আজ পরিষদ গৌরবোজ্জ্বল নব যাত্রাপথে চলিতে বসিয়াছে।

ভারত-সংস্কৃতি পরিষৎ মহেন্দ্রজয়ন্তী অনুষ্ঠানের পরিণতি। ১৯৪৮ সালে শ্রীযুক্ত রসিকলাল সুর ডক্টর দাশের নিকট প্রস্তাব করেন যে পূজনীয় দার্শনিক ডক্টর মহেন্দ্র নাথের জন্য একটী জয়ন্তী উৎসব করিতে হইবে। ডক্টর দাশ তাহাকে বলেন—নব জাগ্রত স্বাধীন ভারতবর্ষ তাহার আপন সভ্যতাকে জানিলেই বড় হইবে, তাই সরকারের জয়ন্তী কেবল বাগাড়ম্বরে শেষ না করিয়া ভারত-সংস্কৃতির প্রচারের জন্য ইংরাজী ও বাংলায় দুই খানি সংগ্রহ গ্রন্থ প্রচার করিতে হইবে।

সেই আলাপের ফলে, ১৯৪৮ সালের ২২শে ডিসেম্বর ভারত-সভাগৃহে ডক্টর শ্রীযুক্ত প্রমথ নাথ বন্দ্যোপাধ্যায়ের সভাপতিত্বে মহেন্দ্রজয়ন্তী সভা গঠিত হয়। স্থির হয়, জয়ন্তী সমিতি The Indian culture, ভারত-সংস্কৃতি, এবং মহেন্দ্র নাথের জীবন ও বাণী,যথাক্রমে ১০৲, ৫৲, এবং ২৲ টাকা মূল্যে বাহির করিবেন এবং একটী বিরাট সংবর্দ্ধনা সভার আয়োজন করিবেন।

সমিতির তিন প্রকার সভ্য হইয়াছিল। যাহারা ২৫ টাকা দিয়াছিলেন, তাহাদিগকে তিন খানি বই দেওয়া হয়, দশ টাকা দাতাগণকে ভারত-সংস্কৃতি দেওয়া হইয়াছিল, যাহারা ২ টাকা দিয়াছিলেন, তাহাদিগকে মহেন্দ্রনাথের জীবন ও বাণী দেওয়া হইয়াছিল।

ডক্টর রাধাকৃষ্ণণের সভাপতিত্বে এক বিশাল সম্মেলনের অনুষ্ঠান হইয়াছিল। বাংলায় সাংস্কৃতিক জীবনে মহেন্দ্র-জয়ন্তী অবিস্মরণীয় গৌরবের দাবি করিতে পারে।

মহেন্দ্রজয়ন্তী শেষ হইবার পূর্ব্বেই ১১।১১।৫০ তারিখে মহেন্দ্রজয়ন্তীর সমস্ত মূলধন এবং সমস্ত দায়িত্ব লইয়া এই সমিতি স্থাপিত হয়। জন্মাদনের উৎসবে আমি ছিলাম না। কিন্তু তাহার পর ডক্টর দাশের সঙ্গে সঙ্গে মালদহ, দিনাজপুর, কাটিহার, নবদ্বীপ, কাটোয়া, কৃষ্ণনগর প্রভৃতি নানাস্থানে শাখা স্থাপনের জন্য গিয়াছি। দেশের সর্ব্বত্রই আমরা বিশেষ সাড়া পাইয়াছি, অশেষ উদ্দীপনা দেখিয়াছি।

---

† ডক্টর শ্রীসুনীতি কুমার চট্টোপাধ্যায় কর্ত্তৃক ১৯৫৭ সালের ২৯শে আগষ্ট তারিখে রামকৃষ্ণ গোপাল ভাণ্ডারকরের দ্বাত্রিংশ মৃত্যুবাসরে প্রদত্ত ভাষণ অবলম্বনে লিখিত।

* (সহকারী সম্পাদক শ্রীযুক্তা শ্রীতিরাণী দাশ লিখিত কার্য্য বিবরণ)

সেই ঐকান্তিক অনুরাগকে হুজুগ বলিয়া মানিতে পারি না। সেই সমস্ত কর্ম্মকঠোর আনন্দদীপ্ত দিন গুলির কথা জীবনে ভুলিবার নয়।

তাহার পর ৪।৫।৫১ তারিখে ডক্টর মহেন্দ্র নাথের সভাপতিত্বে ইহার প্রথম বার্ষিক সভা হয়। ডক্টর দাশ বরাবর সম্পাদক থাকিয়া পরমোৎসাহে কাজ করিতেছিলেন, কিন্তু ৫১ সালের জুন মাস হইতে ৫৪ সালের জানুয়ারি পর্য্যন্ত নানা কারণে ডক্টর দাশ বিশেষ কিছু সেবা করিতে পারেন নাই, কাজেই পরিষৎ আকাঙ্ক্ষিত শ্রীবৃদ্ধি লাভ করিতে পারে নাই। পরে বিগত ৫ই মার্চ্চ ১৯৫৪ সালে দ্বিতীয় বার্ষিক সাধারণ অধিবেশন হয়। অদ্য ইহার তৃতীয় বার্ষিক সাধারণ অধিবেশন।

পরিষদের আয় ব্যয়ের পরীক্ষিত হিসাবের একটী কল এই সঙ্গে দেওয়া হইল, ইহা হইতে বোঝা যাইবে আমরা আশানুরূপ কাজের জন্য অর্থ পাইতেছি না। অদ্যকার নির্ব্বাচিত কর্ম্মপরিষদ নিশ্চয়ই এই বিষয়ে অবহিত হইবেন।

ঐ দিনের সভায় ডক্টর দাশকে পরিষদের সাংস্কৃতিক দূত হিসাবে ভারতের বাহিরে, বিশেষতঃ আমেরিকায় যাওয়ার জন্য প্রস্তাব গৃহীত হয়। ডক্টর দাশ আগামী ৪ঠা আগষ্ট যাইতেছেন। কার্য্যকরী সভার এক সভায় ডক্টর হেমেন্দ্র নাথ দাশগুপ্তের সভাপতিত্বে স্থিরীকৃত হয়, পরিষৎ ডক্টর দাশকে তাহার ব্যয় নির্ব্বাহের জন্য দশ হাজার টাকা দিবেন, কিন্তু কর্ম্মপরিষদ আদৌ কোনও টাকা তুলিতে পারেন নাই। ডক্টর দাশ নিজে নানা স্থানে পরিভ্রমণ করিয়া কিছু অর্থ সংগ্রহ করিয়াছিলেন, তাহা পরিষদের কার্য্যেই ব্যয়িত হইয়াছে।

পরিষৎ গ্রন্থমালায় প্রকাশের জন্য ডক্টর মহেন্দ্র নাথ সরকার—প্রজ্ঞার পথে, স্বামী জগদীশ্বরানন্দ—বহির্ভারতে ভারতীয় সংস্কৃতি, ডক্টর হরিদাস চৌধুরী—অরবিন্দের যোগ, শ্রীযুক্ত বিভূতি সরকার—দশ মহাবিদ্যা এবং ডক্টর দাশ ভারতবাণী এবং Vaishnava Lyrics দিতে চাহিয়াছিলেন। আর কাহারও পুস্তক পাওয়া যায় নাই—ডক্টর দাশের গ্রন্থ দুই খানি বাহির করা হইয়াছে। শ্রীযুক্ত অর্দ্ধেন্দু গাঙ্গুলি মহাশয় তাহার এক ছাত্রীর শিল্পকলায় বিষ্ণুর পরিচয় সম্বন্ধীয় এক খানি গ্রন্থ বাহির করিতে বলিয়াছিলেন, কিন্তু তাহাতে অনেক ব্লক করিতে হইবে বলিয়া সেই পুস্তক প্রকাশের ভার লওয়া হয় নাই।

আশা করা যায় নূতন কর্ম্মীদল অর্থভাণ্ডার বাড়াইয়া বৎসরে ৪।৫ খানি করিয়া ভাল গ্রন্থ বাহির করিবেন।

ডক্টর দাশ কলিকাতার বাহিরে নানা স্থানে ভ্রমণ করিয়া পরিষদের বার্ত্তা প্রচার করিয়াছেন। অন্যান্য বন্ধুরা যাহাতে এই ভাবে শ্রম করেন, সেই অনুরোধ জানাই।

আমাদের হিসাব-পরীক্ষক শ্রীযুক্ত এন, এন দাশ এণ্ড কোম্পানী সযত্নে পরিষদের হিসাব পরীক্ষা করিয়া দিয়াছেন। তাহাদিগকে ধন্যবাদ জানাই।

পরিষৎ বক্তৃতার আয়োজন করিতে পারেন। এই সব বিষয়ে কলিকাতায় ভারত-সেবাশ্রম সংঘ আমাদিগকে সর্ব্বদাই অশেষবিধ সহায়তা করিয়াছেন। সেখানে যাহাতে নিয়মিত সভা করা হয়, তার বিষয়ে সকলকে সচেষ্ট হইতে বলি।

নালন্দা প্রেস, ভোলানাথ পেপার হাউস, শ্রীযুক্ত অশ্বিনী কুমার দাশ, জেনারেল প্রিণ্টার্স, Indian association প্রভৃতি নানা জনে আমাদিগকে নানা ভাবে সাহায্য করিয়াছেন, তাহাদিগকে হৃদয়ের উচ্ছ্বসিত কৃতজ্ঞতা জানাই।

প্রথম যেদিন যাত্রা সুরু হইয়াছিল, সেদিন যাহারা এক সাথে চলিতে চাহিয়াছিলেন, তাহাদের অনেকেই আজ সঙ্গে নাই। তাহাদের সেবার কথা আজ শ্রদ্ধায় স্মরণ করি। আমরা সর্ব্বত্রই সকলের সহানুভূতি পাইয়াছি—তাহাদের উত্তরোত্তর সহযোগিতা কামনা করি। নূতন নূতন কর্ম্মীদল আজ একত্র হইয়া পরিষদের বহুধা বিস্তৃত কার্য্যসূচীকে সফল করুন—আজ সকলের নিকট এই আহ্বান জানাই।

ডক্টর দাশ আগামী ৪ঠা আগষ্ট ভারত-সংস্কৃতি প্রচারের জন্য আমেরিকা যাইতেছেন। যাহারা তাহার পারিবারিক ইতিহাস জানেন, তাহারাই বুঝিবেন তাহার পক্ষে ইহা একান্তই দুঃসাহসিক অভিযান। তিনি নিজে সর্ব্বহারা

বাস্তহারা ব্যক্তি—তাহার আটটি সন্তানের কেহই জীবনে প্রতিষ্ঠিত নহে, তাহার আপন ভ্রাতা ব্যাধিগ্রস্ত, কিন্তু প্রিয় জনের অশ্রুজল, সাংসারিক অভ্যুদয়ের চেষ্টা এবং নীড় বাঁধিবার সহজ প্রবৃত্তি, তাহার দুর্ব্বার পথিকহৃদয়কে ধরিয়া রাখিতে পারে না। তিনি এখানে আপন জ্যোতিপ্রভায় একান্ত নিঃসঙ্গ—একান্ত একাকী। ভারতের সাংস্কৃতিক দূত হইবার তাহার যোগ্যতা আপনারাই বিবেচনা করিবেন। আমি শুধু কায়েমনবাক্যে ভগবৎ চরণে প্রার্থনা করিব তিনি বিজয়মাল্যগলে ফিরিয়া আসুন।

ডক্টর দাশের অনুপ্রেরণাতেই জ্ঞানহীন ও বুদ্ধিহীন আমি বিপুল দায়িত্ব গ্রহণ করিয়াছিলাম। তাহার অদম্য উৎসাহ—তাহার অনমনীয় মনোবল, তাহার অতন্দ্র কর্ম্মশক্তি যখন পাশে থাকিবে না, তখন আমার পক্ষে গৃহকর্ম্মের বাহিরে আসিয়া কোনও কাজই করা সম্ভব হইবে না, কাজেই যোগ্যতর কেহ এই ভার গ্রহণ করুন।

তথাপি কিছু কালের জন্যও এই মহান প্রতিষ্ঠানের সেবা করিতে পারিয়াছি, তজ্জন্য নিজেকে ধন্য মনে করি। আমার অসংখ্য দোষ ত্রুটি রহিয়াছে—নিজগুণে আপনারা মার্জ্জনা করিবেন। এই পরিষৎ ডক্টর দাশের ধ্যান, জ্ঞান ও সাধনা। আপনাদের সহযোগিতায় তাহার দুরূহ তপশ্চর্য্যা সিদ্ধির পথে সফল হউক, আপনাদের নিকট এই আমার নিবেদন।

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।

সায়ণাচার্য্য

স্বামী জগদীশ্বরানন্দ

চতুর্বেদের ভাষ্যকাররূপে সায়ণাচার্য্য সমগ্র ভারতে চিরকাল স্মরণীয়। সায়ণের পূর্বে আরও বেদ ভাষ্য বিরচিত হইলেও চতুর্দশ শতকে তৎকৃত বেদভাষ্যই সর্ব-শ্রেষ্ঠ বেদভাষ্যরূপে পরিগণিত। সায়ণ রচিত ঋগ্বেদভাষ্য শতাধিক বর্ষ পূর্বে অক্সফোর্ড হইতে ফ্রেডরিক মোক্ষ মূলার কর্তৃক প্রকাশিত হয়। হাওড়ার পণ্ডিত দুর্গাদাস লাহিড়ী সায়ণকৃত বেদ ভাষ্যের বঙ্গানুবাদ প্রণয়ন ও প্রকাশন করিয়াছিলেন।

কর্ণাটক ও অন্ধ্রদেশের সংযোগস্থলে উভয় প্রদেশের ব্রাহ্মণগণ প্রাচীন কাল হইতে অদ্যাবধি নিবাস করিতে-ছেন। তথায় তুঙ্গভদ্রা নদীর দক্ষিণতটে অবস্থিত বিজয় নগর ছিল সায়ণাচার্য্যের কর্মক্ষেত্র। সায়ণের মূল নাম ছিল সায়ন্না ও তাঁহার পিতার নাম মায়ন্না বা মায়ণ। অদ্যবধি কর্ণাটকে রামন্না, সামন্না, তামন্না প্রভৃতি নাম প্রচলিত। সায়ণের নাম কর্ণাটক দেশীয় হইলেও তিনি নিজেকে 'অস্মাকম্ আন্ধ্রাণাম্' (আমাদের আন্ধ্রদের) বলিয়া পরিচয় দিয়াছেন।

ইহা হইতে প্রতীত হয়, তিনি আন্ধ্রদেশীয় ব্রাহ্মণ ছিলেন। তাঁহার ভাগিনেয় অহোবল পণ্ডিত সংস্কৃতে তেলেগু ভাষার এক প্রামাণিক ব্যাকরণ লিখিয়াছেন। ভাগিনেয় আন্ধ্র হইলে মাতুলও নিশ্চয়ই আন্ধ্র হইবেন।

সায়ণের মাতার নাম নানা স্থানে 'শ্রীমতী' পাওয়া যায়। কেবল কাঞ্চীতীর্থে অরুলাল পেরুমল মন্দিরে অসমাপ্ত শিলালিপিতে 'শ্রীমায়ী' নাম লিখিত আছে। ইহা হইতে অনুমিত হয়, তাঁহার মাতার আসল নাম শ্রীমায়ী ছিল। সংস্কৃতে তাহাই 'শ্রীমতী' হইয়াছে। মায়ণ ও শ্রীমতীর তিন পুত্র ছিল—মাধব, সায়ণ ও ভোগনাথ। তাঁহারা ভরদ্বাজ গোত্রীয় ও কৃষ্ণ-যজুর্বেদীয় তৈত্তিরীয় শাখা ভুক্ত ব্রাহ্মণ ছিলেন। সায়ণের জ্যেষ্ঠভ্রাতা মাধবাচার্য্য তৎকালে প্রসিদ্ধ বিদ্বান্ ও প্রভাবশালী রাজনীতিজ্ঞ মন্ত্রী এবং তাঁহার ছোট ভাই ভোগনাথ ও বড় কবি ছিলেন। তাঁহারা তিন ভাই-ই প্রখ্যাত পুরুষ ও দক্ষিণ ভারতে সুবিদিত ছিলেন। ভোগনাথ রাজা বুক্ক রায়ের ভ্রাতুষ্পুত্র ও রাজা কম্পরায়ের পুত্র দ্বিতীয় সংগম ভূপালের নমসচিব

ছিলেন। তৎকৃত 'বিট্রগুণ্ট প্রশস্তি'র শেষ শ্লোকে ইহা উক্ত হইয়াছে। সায়ণাচার্য্য কৃত 'অলংকারসুধানিধি' গ্রন্থে ভোগনাথ কবিরূপে বর্ণিত। উক্ত গ্রন্থে ভোগনাথ বিরচিত এই ছয় গ্রন্থের নাম উল্লিখিত—রামোল্লাস, ত্রিপুরবিজয়, শৃঙ্গারমঞ্জরী, উদাহরণমালা, মহাগণপতিস্তব এবং এবং গৌরীনাথাষ্টক। সায়ণাচার্য্যের এক ভগিনীও ছিলেন তাঁহার নাম সিঙ্গলে। বহু শিলালিপিতে এই নাম পাওয়া যায়। রামরস নামক এক ব্যক্তির সহিত সিঙ্গলের বিবাহ হয়। লক্ষ্মীধর দেব নামে তাঁহাদের এক পুত্র ছিল। সম্ভবতঃ লক্ষ্মীধর গাণপত্য ছিলেন এবং রাজা দেব রায়ের সময় ১৪১০ খ্রীষ্টাব্দে ২০ ফেব্রুয়ারী তারিখে কোনও মন্দিরে গণপতির প্রতিমা স্থাপিত করেন। লক্ষ্মীধর দেব ব্যতীত সায়ণের দ্বিতীয় ভাগিনেয় অহোবল পণ্ডিতের নাম পূর্বে উক্ত হইয়াছে। অহোবল কৃত ব্যাকরণে অমর মাতুল সায়ণ রচিত 'ধাতুবৃত্তি' পুস্তকের নাম উল্লিখিত। লক্ষ্মীধর ও অহোবল দুই সহোদর ভ্রাতা ছিলেন কিনা, এখনও জানা যায় নাই।

'অলংকারসুধানিধি' গ্রন্থের নিম্নোক্ত শ্লোকে সায়ণের তিন পুত্রের নাম পাওয়া যায়।—

তৎসংব্যঞ্জয় কম্পন বৎসনিনঃ সঙ্গীত শাস্ত্রে তব
প্রৌঢ়িং মায়ণ গদ্য পদ্য রচনা পাণ্ডিত্যমুদ্রেষ।
শিক্ষাং দর্শয় শিংগন ক্রম-জটা-চর্চাসু বেদেষ্বিতি
স্বান্ পুত্রান্নুপলালয়ন্ গৃহগতঃ সম্মোদতে সায়ণঃ॥

অনুবাদ—হে কম্পন, সঙ্গীত শাস্ত্রে তোমার প্রবীণতা প্রদর্শন কর। হে মায়ণ, গদ্যপদ্য রচনায় তোমার চতুরতা দেখাও। হে শিঙ্গন, তুমি চতুর্বেদের ক্রম, জটা ও বিভিন্ন পাঠে তোমার শিক্ষা প্রকটিত কর। সায়ণ রাজকর্ম হইতে গৃহে ফিরিয়া পুত্র ত্রয়ের লালন-পালনে এইরূপে আনন্দ প্রকাশ করিতেন।

ইহা হইতে সুস্পষ্ট প্রত্যয় জন্মে যে, কম্পন, মায়ণ ও শিংগন এই তিন জন সায়ন পুত্র ছিলেন। সায়ণ কৃত শতপথব্রাহ্মণ ভাষ্যের প্রতি কাণ্ডান্তে নিম্নলিখিত শ্লোকদ্বয়ে শিংগনের বিপুল বদান্যতার পরিচয় প্রদত্ত।—

"ব্রহ্মাণ্ডং গোসহস্রং কনকহয় তুলা পুরুষো স্বর্ণবর্ণ
সপ্তাব্ধীন্ পঞ্চসীরীং স্ত্রিদশ তরুলতা ধেনু সৌবর্ণভূমীঃ।
রত্নোপ্রাংরুক্মবাস্তি দ্বিপসহিত রথৌ সায়ণি সিঙ্গনার্য্যঃ
ব্যশ্রানীৎ বিশ্বচক্রং প্রথিতবিধিমহাভূতযুক্তং যটং চ॥
ধান্যাদ্রিং ধন্যজন্মা তিলভবমতুলঃ স্বর্ণজং বর্ণমুখ্যঃ
কার্পাসীয়ং কৃপাবান্ গুডকৃতমণ্ডো রাজতং রাজপূজ্যঃ।
আজ্যোত্থং প্রাজ্যজন্মা লবণজমনৃণঃ শার্করং চার্কতেজাঃ
রত্নাঢ্যো রত্নরূপং গিরিমকৃতমুদা পাত্রস্থাৎ সিঙ্গনার্য্যঃ॥"

উল্লিখিত শ্লোক সমূহের ভাবার্থ এই যে, শিঙ্গন সংখ্যাতীত ধন-সম্পত্তি দান করিয়াছিলেন। দান বস্তু সমূহের মধ্যে ধান্যরাশি, গুড়, কাপাস, ঘৃত এবং এমন কি, সামান্য দ্রব্য লবণও অন্তর্ভুক্ত হইয়াছিল। ইহাদের মধ্যে রৌপ্য, স্বর্ণ ও রত্নরাজির সমাবেশ ছিল। ইহাতে অত্যুক্তির মাত্রা ছাড়িয়া দিলেও ইহা নিশ্চিত যে, সায়ণের তৃতীয় পুত্র সিংগন ধনধান্যে যেরূপ সম্পন্ন ছিলেন, তদ্রূপ উদার স্বভাব থাকায় বহু দানও করিয়াছিলেন। সংক্ষেপে সায়ণাচার্য্যের আত্মীয়স্বজনের সামান্য বর্ণনা দেওয়া হইল।

সায়ণাচার্য্যের তিন গুরু ছিলেন—বিদ্যাতীর্থ, ভারতী তীর্থ ও শ্রীকণ্ঠাচার্য্য। এই তিন জন যতি তৎকালে প্রখ্যাত জ্ঞানী ও পণ্ডিত ছিলেন। এই তিন জন শুধু সায়ণ ও তাঁহার দুই ভ্রাতার গুরু ছিলেন না; পরন্তু তৎকালীন বিজয় নগর-নরপতিগণেরও গুরু ছিলেন। মাধবাচার্য্য তৎকৃত, 'কালনির্ণয়' গ্রন্থে এই যতি ত্রয়ের নিম্নোক্ত বর্ণনা দিয়াছেন।—

"সোঽহং প্রাপ্য বিবেকতীর্থ পদবীমাম্নায় তীর্থে পরং
মজ্জন্ সজ্জনসঙ্গতীর্থনিপুণঃ সদ্ধ্যতীর্থং শ্রয়ন্।
লব্ধামাকলয়ন্ প্রভাবলহরীং শ্রীভারতীতীর্থতো
বিদ্যাতীর্থমুপাশ্রয়ন্ হৃদি ভজে শ্রীকণ্ঠমব্যাহতম্॥

বিদ্যাতীর্থ ত্রিদণ্ডী স্বামীও শৃঙ্গেরী মঠের আচার্য্য ছিলেন। তিনি পরমাত্মতীর্থের শিষ্য ও তৎকালের অন্যতম প্রসিদ্ধ মহাত্মা। তৎকৃত 'রুদ্রপ্রশ্নভাষ্য' বিখ্যাত পুস্তক। মাধবাচার্য্য ও সায়ণাচার্য্য ভ্রাতৃদ্বয় তাঁহার প্রতি গভীর শ্রদ্ধাসম্পন্ন ছিলেন। এই দুই আচার্য্যের প্রত্যেক গ্রন্থে বিদ্যাতীর্থের সশ্রদ্ধ উল্লেখ পাওয়া যায়। মাধবাচার্য্য

সন্ন্যাসী হইয়া বিদ্যারণ্য নামে অভিহিত হন। বিদ্যারণ্য-কৃত- 'জীবন্মুক্তিবিবেক' এবং সায়ণাচার্য্যকৃত বেদভাষ্য প্রভৃতি পুস্তকের প্রারম্ভে এই সুপ্রসিদ্ধ শ্লোক হওয়া যায়:—

"যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ।
নির্ম্মমে তমহং বন্দে বিদ্যাতীর্থমহেশ্বরম্॥

অনুবাদ—যাঁহার নিঃশ্বাসরূপে চতুর্বেদ আবির্ভূত এবং যিনি বেদালোকে এই অখিল জগৎ নির্মাণ করিলেন সেই গুরুদেব বিদ্যাতীর্থরূপী মহেশ্বরকে বন্দনা করি।

মাধবাচার্য্য কৃত 'জৈমিনীয় ন্যায়মালা বিস্তার' গ্রন্থে এই শ্লোক পাওয়া যায়।—

প্রণম্য পরমাত্মানং শ্রীবিদ্যাতীর্থরূপিণং।
জৈমিনীয় ন্যায়মালা শ্লোকৈঃ সংগৃহ্যতে স্ফুটম্॥

অনুবাদ—বিদ্যাতীর্থরূপী পরমাত্মাকে প্রণাম করিয়া জৈমিনীয় ন্যায়মালা শ্লোকাকারে বিস্তৃতরূপে লিখিত হইল।

উক্ত গ্রন্থে এই শ্লোকার্ধ পাওয়া যায়, 'বিদ্যাতীর্থ মুনি তদাত্মনি লসন্ মূর্তিস্বদনুগ্রাহিকা।' ইহার অর্থ, মদীয় গুরুদেব বিদ্যাতীর্থ মুনি ভগবান্ মহাদেবের অনুগ্রহ মূর্তি। মাধবাচার্য্য কৃত 'অনুভূতিপ্রকাশ' গ্রন্থে এই শ্লোক আছে।—

অন্তঃ প্রবিষ্টঃ শাস্তেতি অন্তর্যামি শ্রুতীরিতঃ।
সোঽস্মাৎ মুখ্যগুরুঃ পাতু বিদ্যাতীর্থ মহেশ্বরঃ॥

অনুবাদ—মহেশ্বরোপম বিদ্যাতীর্থ স্বামী জীবন্মুক্তিরূপ বিবেকালোক দ্বারা আমার হৃদয়ের অজ্ঞানান্ধকার বিনাশ-পূর্বক আমাকে পরম পুরুষার্থ প্রদান করুন।

সায়ণাচার্য্য তৎকৃত 'শতপথব্রাহ্মণ ভাষ্যের অন্তে তদীয় গুরুবর্য বিদ্যাতীর্থকে এই ভাবে প্রার্থনা করিয়াছেন, "হে গুরুদেব, হে বেদার্থপ্রকাশ, আমার হৃদয়ের অন্ধকার বিনাশ করুন এবং ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্বর্গ প্রদানপূর্বক ইহলোকে আমাকে সৌভাগ্যশালী করুন।" বিদ্যারণ্য কেবল শাব্দিক ধন্যবাদ দ্বারা গুরুস্তুতি করেন নাই; পরন্তু তিনি বিজয়নগরের রাজা বুক্করায়ের অর্থানুকূল্যে শৃংগেরী মঠে সুন্দর মন্দির নির্মিত করাইয়া বিদ্যাতীর্থের বিদ্যাশংকর নামে মূর্তি প্রতিষ্ঠা করেন। এই মূর্তি অদ্যাপি বিদ্যারণ্যের প্রগাঢ় গুরুভক্তি উদ্‌ঘোষিত করিতেছে।

সায়ণ প্রমুখ ভ্রাতৃত্রয়ের উপর ভারতীতীর্থ স্বামিজীর অশেষ অনুগ্রহ বর্ষিত হয়। শৃঙ্গেরী পীঠের মঠাম্নায় হইতে জানা যায়, ভারতীতীর্থ বিদ্যাতীর্থের পরে শৃঙ্গেরী মঠে শংকরাচার্য্যরূপে ১২৫৫ শকাব্দে প্রতিষ্ঠিত হন। ১৩৪৬ খ্রীষ্টাব্দে যখন হরিহর পঞ্চভ্রাতার সহিত বিজয়ের উপলক্ষে শৃঙ্গেরী গমনপূর্বক তত্রত্য বিদ্বান্ ব্রাহ্মণগণকে ভূমিদান করেন, তখন ভারতীতীর্থ শৃংগেরী পীঠের মঠাধীশ ছিলেন। আচার্য্য সায়ণের গ্রন্থ সমূহে ভারতীতীর্থের নামোল্লেখ এখনও পাওয়া যায় নাই; কিন্তু মাধবাচার্য্যের সকল গ্রন্থে বহুবার তাঁহার নাম উল্লিখিত। মাধবাচার্য্য কৃত 'কাল নির্ণয়' গ্রন্থের উপোদ্‌ঘাতে আছে, "লব্ধামাকলয়ন্ প্রভাব-লহরীং শ্রীভারতীতীর্থতো।" ইহার দ্বারা আচার্য্য মাধব ভারতীতীর্থের উপদেশের প্রভাব নিজ জীবনে স্বীকার করিয়াছেন। পূর্বে উক্ত হইয়াছে যে, মাধবাচার্য্যই সন্ন্যাস গ্রহণান্তে বিদ্যারণ্য নামে প্রখ্যাত হন। ইহা জানা যায় যে, মাধবাচার্য্য ভারতী তীর্থের নিকট সন্ন্যাস গ্রহণ করেন এবং শ্রীগুরুর দেহান্তে শৃংগেরী মঠের অধ্যক্ষ পদে আরূঢ় হন। প্রসিদ্ধ বেদান্তগ্রন্থ 'পঞ্চদশী'র টীকাকার রামকৃষ্ণ ভট্ট 'পঞ্চদশী'কে ভারতীতীর্থ ও বিদ্যারণ্যের সম্মিলিত রচনা মনে করেন। ব্রহ্মসূত্রের উপর রচিত 'বৈয়াসিক ন্যায়মালা' গ্রন্থকেও কেহ কেহ গুরু-শিষ্য উভয়ের মিলিত রচনা বলিয়া বিশ্বাস করেন। তবে এই সম্বন্ধে পর্য্যাপ্ত প্রমাণ এখনও পাওয়া যায় নাই। ভারতী তীর্থ রচিত এই দুই স্বতন্ত্র গ্রন্থ আছে।—(১) দৃগ্‌দৃশ্য বিবেক বা বাক্য সুধা (২) বৈয়াসিক ন্যায়মালা। 'বাক্য-সুধা'গ্রন্থের দুই টীকা আছে। তন্মধ্যে একটি টীকা গ্রন্থকারের শিষ্য শ্রীমৎ ব্রহ্মানন্দ ভারতী রচিত এবং অন্য টীকা আনন্দ জ্ঞান বা আনন্দগিরি কর্তৃক লিখিত। দুই টীকাই কাশী হইতে প্রকাশিত হইয়াছে। পণ্ডিত শ্রীদুর্গাচরণ চট্টোপাধ্যায় 'বাক্যসুধা'র যে বিস্তৃত বাংলা অনুবাদ করিয়াছেন, তাহাতে আনন্দগিরি কৃত টীকা প্রকাশিত। 'বৈয়াসিক ন্যায়মালা' গ্রন্থে ব্রহ্মসূত্রোক্ত সমস্ত অধিকরণের সারাংশ প্রদত্ত। সাধারণতঃ প্রত্যেক অধিকরণের মর্মার্থ দুই দুই শ্লোকে পাওয়া যায়।

আচার্য্য শ্রীকণ্ঠ ছিলেন সায়ণের অন্তিম গুরু। কাঞ্চীর শিলালেখে 'শ্রীকণ্ঠনাথ গুরুঃ' এইরূপ লিখিত আছে। মাধবাচার্য্যও স্বরচিত 'কালনির্ণয়' গ্রন্থে বলেন, 'হৃদি ভজে শ্রীকণ্ঠমব্যাহতম্।' ইহার অর্থ, আমি শ্রীকণ্ঠ গুরুকে হৃদয়ে নিরন্তর ভজনা করি। সায়ণের কনিষ্ঠ ভ্রাতা ভোগনাথ কবি ও শ্রীকণ্ঠের শিষ্য ছিলেন। ভোগনাথ-কৃত 'মহাগণপতিস্তবে' শ্রীকণ্ঠকে প্রধান গুরুরূপে এইভাবে স্বীকার করিয়াছেন।—

মন্দারশ্চ তরুঃ পরেঽপি তরবো মেরুশ্চ শৈলঃ পরে
ঽপ্যাং শৈলাঃ কমলা গৃহস্থ শয়নং চাব্ধি পরেপ্যব্ধয়ং।
শ্রীকণ্ঠশ্চ গুরুঃ পরেঽপি গুরবো লোকত্রয়েপ্যদ্ভুতং
ভক্তাধীন ভবাংশ্চ দৈবতমহো সর্বেঽপ্যমী দেবতাঃ॥

এই তিন উল্লেখ দ্বারা প্রমাণিত হয়, শ্রীকণ্ঠনাথ ভ্রাতৃত্রয়ের গুরু ছিলেন। শুধু ইহা নহে, মহারাজ দ্বিতীয় সঙ্গমও শ্রীকণ্ঠের শিষ্য ছিলেন। শ্রীগুরুর প্রতি সঙ্গমের অসীম ভক্তি ছিল। 'বিট্টগুপ্ট প্রশস্তি'তে উল্লিখিত ভূমিদান শ্রীকণ্ঠনাথের ইচ্ছায় সঙ্গম করিয়াছিলেন। এপিগ্রাফিকা ইণ্ডিকার তৃতীয় ভাগে (২৬—২৭ পৃষ্ঠায়) এই শিলালেখ উদ্ধৃত—

স কদাচিৎ প্রিয়ং শিষ্যং সঙ্গমেন্দ্রমুপস্থিতম্।
ঙ্গদিশৎ দেশিকো দৃষ্ট্যা নির্ভরপ্রেমগর্ভয়া॥
অগ্রহারং কমপ্যত্র ত্বয়া দাপয়িতুং মম।
প্রীতিরস্তি ততঃ কশ্চিৎ গ্রামো রাজন্ প্রদীয়তাম্॥
ইতি তস্য গুরোরাজ্ঞামীশিতা ধরণীভৃতাম্।
অগ্রহীদঞ্জলিং গ্রহ্নন্ অবনম্রেন মৌলিনা॥
বিট্টগুপ্টমিতীহ প্রথিতাপরনামশালিনস্তস্য।
প্রকট্যতি স্ম যমীন্দ্রপ্রায়ঃ শ্রীকণ্ঠপুরমিতি প্রখ্যাম্॥

শ্রীকণ্ঠনাথ নাম হইতে প্রতীত হয়, তিনি নাথপন্থী মহাত্মা ছিলেন। ভোগনাথ শ্রীকণ্ঠকে প্রিয় শিষ্য সংগমের উপদেষ্টারূপে শংকরের সাক্ষাৎ প্রতিনিধি বলিয়াছেন। সম্ভবতঃ ইনি তৎকালের সুবিখ্যাত শৈবপতি ও মাহেশ্বর তত্ত্বের ব্যাখ্যাতা ছিলেন। যখন তিনি মাহেশ্বর তত্ত্বের উপদেশ দিতেন, তখন মনে হইত, কোন সুপ্রাচীন নাথপন্থীর আত্মা শ্রীকণ্ঠরূপে উপদেশ দিতেছেন। ভোগনাথ বলেন, "শ্রীকণ্ঠের পাদপদ্মে প্রণাম করিলেই মুক্তিরাণী সহচরীবৎ সমীপে নিবাস করেন।" উক্ত গুরুভক্ত কবিবর লিখিয়াছেন—

কৈবল্যপদবীদ্বারকবাটোদ্ঘাত কর্মণি।
কটাক্ষাঃ কুঞ্চিকা যস্য কাংক্ষতাং তত্র নির্বৃতিম্॥

অনুবাদ—মুক্তিমন্দিরে দ্বারোদ্ঘাটনে ইহার কৃপাকটাক্ষ চাবিতুল্য।

সায়ণাচার্য্যের জন্ম বা মৃত্যুর কাল-নির্ণয় দুঃসাধ্য। ডক্টর ঔফ্রেক্ত কৃত বৃহৎ সূচীর (ক্যাটালগাস ক্যাটালোগোরুম) ৭১১ পৃষ্ঠায় সায়ণের মৃত্যুকাল বিক্রম সংবৎ ১৪৪৪ অথবা ইংরাজী ১৩৮৭ খ্রীষ্টাব্দ বলিয়া উল্লিখিত। মৃত্যুকালে সায়ণের বয়স বাহাত্তর বৎসর হইয়াছিল। অতএব ডক্টর ঔফ্রেক্তের মতে সায়ণের জন্মকাল বিক্রম সংবৎ ১৩৭২ অথবা ১৩১৫ খ্রীষ্টাব্দ। ধন্য জনক মায়ণ, আর ধন্য জননী শ্রীমতী—যাঁহাদের পুত্ররূপে বেদভাষ্যকার হিন্দুধর্মোদ্ধারক সায়ণাচার্য্য আবির্ভূত হন। জ্যেষ্ঠ ভ্রাতা মাধব সায়ণ অপেক্ষা পনের বৎসর বড় ছিলেন। সায়ণের মাতাপিতা সাধারণ ব্রাহ্মণ গৃহস্থ ছিলেন। অতএব সায়ণের বাল্যকাল বিশেষ সুখ-স্বাচ্ছন্দ্যে অতিবাহিত হয় নাই। নিশ্চয়ই তিনি বাল্যে পাণিনীর ব্যাকরণ অধ্যয়ন করেন; নচেৎ পরবর্তী কালে প্রামাণিক গ্রন্থরত্ন 'মাধবীয়া ধাতুবৃত্তি' রচনায় সমর্থ হইতেন না। তৎকৃত ঋগ্বেদভাষ্যের প্রথম অষ্টক পড়িলে বুঝা যায়, ব্যাকরণ শাস্ত্রে তাঁহার কিরূপ প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। ঋগ্বেদের প্রথম অষ্টকের বিস্তৃত ভাষ্যে সায়ণ এক এক বৈদিক শব্দরূপ এত সুন্দর ভাবে করিয়াছেন যে, তাঁহাকে মহা বৈয়াকরণ বলিলেও অত্যুক্তি হয় না। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা মাধবাচার্য্য মীমাংসাশাস্ত্রে সুপণ্ডিত ছিলেন। সম্ভবতঃ সায়ণ তাঁহার নিকট মীমাংসা শাস্ত্র অধ্যয়ন করেন। তদ্বংশীয় কৃষ্ণ-যজুর্বেদীয় তৈত্তিরীয় সংহিতা নিশ্চয়ই তৎকর্তৃক মনোযোগ সহকারে অধীত হয়। বেদভাষ্য প্রণয়ন তাঁহার জীবনের সর্বশ্রেষ্ঠ মহৎ কর্ম। উহার জন্য তিনি নিশ্চয়ই বাল্যকালে আবশ্যকীয় অভিজ্ঞতা লাভ করেন।

একত্রিশ বৎসর বয়সে সায়ণ হরিহরের অনুজ রাজা কম্পনের মন্ত্রীপদে আরূঢ় হন। উক্ত বর্ষে নেল্লোর জেলার অন্তর্গত কোডবলুরু স্থানে প্রাপ্ত শিলালেখ অনুসারে ইহা নিশ্চিত হয় যে, সায়ণ প্রসিদ্ধ কম্পন ভূপালের প্রধান মন্ত্রীত্ব লাভ করেন। উক্ত শিলালেখ এপিগ্রাফিকা কর্ণাটিকার নবম ভাগে (১০৪ পৃষ্ঠায়) প্রকাশিত। স্থানীয় ভাষায় প্রধান মন্ত্রীকে ঔডয়লু বলা হইত। সায়ণকৃত 'সুভাষিত সুধানিধি' গ্রন্থের পুষ্পিকাতে গ্রন্থকার নিজেকে পূর্ব-পশ্চিম সমুদ্রাধীশ্বর শ্রীকম্পরাজের মহাপ্রধান রূপে আখ্যাত করিয়াছেন। নয় বর্ষকাল সায়ণ কম্পন রাজের প্রধান মন্ত্রী ছিলেন। সম্ভবতঃ ১৩৫৫ খ্রীষ্টাব্দে কম্পনের মৃত্যু হয়। সায়ণ রাজা কম্পনের পুত্র দ্বিতীয় সঙ্গমের শিক্ষক ছিলেন। সাম্রাজ্য পরিচালন ও যুবরাজকে শিক্ষাদান এই দুই কর্মে সায়ণ অত্যন্ত নিপুণ ছিলেন। তৎকৃত 'অলংকারসুধানিধি' গ্রন্থে উক্ত মর্মে এই শ্লোক পাওয়া যায়।—

সম্যক্ শিক্ষাং সচিব গমিতঃ শৈশবে সায়ণার্য্য।
প্রৌঢ়িং গার্চাং প্রকটয়তি তে সঙ্গমেন্দ্র প্রয়োগে॥

রাজা কম্পনের নাবালক পুত্রকে শিক্ষাদান এবং সাম্রাজ্য শাসন এত কুশলতা সহকারে সায়ণ সম্পন্ন করেন যে, কম্পনের মৃত্যুর পরেও সাম্রাজ্যে কোন অশান্তি উপস্থিত হয় নাই। মহামন্ত্রীর সুশাসনে সাম্রাজ্যের নিম্নলিখিত শ্লোক অতিশয়োক্তি নহে।—

সত্যং মহীং ভবতি শাসতি সায়ণার্য্য।
সম্প্রাপ্তভোগসুখিনঃ সকলাশ্চ লোকাঃ॥

সায়ণ শুধু সাম্রাজ্য শাসনে স্বীয় শক্তি প্রয়োগ করেন নাই; পরন্তু রাজ্য বিস্তার কল্পেও তিনি সীমান্ত রাজাদের উপর দুর্নিবার আক্রমণ করেন। তাঁহার বয়স যখন চল্লিশ বৎসর তখন কুমার সঙ্গম রাজপদে অধিষ্ঠিত হন। ইহার পরও তিনি প্রায় আট বৎসর রাজা সঙ্গমের মন্ত্রীত্ব করেন। তাঁহার বয়স যখন ৪৫ বৎসর, তখন তিনি পার্শ্ববর্তী রাজ্য জয় করিয়া অসীম বীরত্ব প্রকাশ করেন। তৎকৃত 'অলংকারসুধানিধি' গ্রন্থের নিম্নোক্ত শ্লোকে সায়ণের যুদ্ধকুশলতা বর্ণিত হইয়াছে।—

সমরে সপত্নসৈন্যং সায়ণ তব বিস্মিতং বহন্ খড়্গঃ।
ক্রীড়ন্তি কৈটভরিপুরিব বিভ্রৎ ক্রোড়ে জগৎত্রয়ং জলধৌ॥
অমুং শমিত—শাত্রবস্থির ভুজা বলেপোদয়ং
সমীক্ষ্যযুধি সায়ণং সমধিকো ভবেদ্ বিস্ময়ঃ।
নখাগ্রহত বৈরিণো নরহরের্হরস্যাথবা
নবাম্বুজদলোল্লাসন্নয়নমাত্র দগ্ধদ্বিষঃ॥

সায়ণের বিস্ময়কারিণী রণচাতুরীর সুফল সদ্য দৃষ্ট হয়। যে চম্প নামক রাজাকে তিনি নিজের কৃপাপাত্র করিয়াছিলেন তিনি বিদ্রোহী হওয়ায় সায়ণাচার্য্য তাঁহাকে অচিরে পরাস্ত করিয়া অতুল কীর্তি প্রাপ্ত হন। এই সম্বন্ধে 'অলংকারসুধানিধি' গ্রন্থে নিম্নলিখিত শ্লোকও পাওয়া যায়—

জগদ্বীরস্য জাগর্তি কৃপাণঃ সায়ণ প্রভোঃ।
কিমিত্যেতে বৃথাটোপা গর্জন্তি পরিপন্থিনঃ॥
দিষ্ট্যাদৈষ্টিকভাব-সংভৃত মহা-সম্পদ্ বিশেষোদয়ং
জিত্বা চম্পনরেন্দ্রমুর্জিতযশাঃ প্রত্যাগতঃ সায়ণঃ।

কৃষ্ণস্বামীকৃত Sources of Vijayanagar History পুস্তকের ২৫ পৃষ্ঠায় উক্ত হইয়াছে যে, এই চম্পরাজ চোল দেশের অধিপতি ছিলেন এবং কাঞ্চীর পার্শ্ববর্তী প্রদেশের তিনি শাসন করিতেন। কৃষ্ণস্বামীর মতে চম্পরায়ের আসল নাম শম্ভুব রায়। সায়ণ কর্তৃক পরাজিত হইয়াও চম্পরাজ পূর্বস্থানেই রহিলেন। কিছুকাল পরে প্রথম বুক্করাজের পুত্র কুমার কম্পন স্বীয় সেনাপতিগণের সহায়ে শম্ভুব রায়ের সহিত সংগ্রামে বিজয়ী হন। গঙ্গাদেবী কৃত 'মধুরা বিজয়' গ্রন্থে কুমার-কম্পনের বিজয়বার্তা বিশদভাবে বর্ণিত আছে। অন্য শিলালিপি হইতে জানা যায়, সায়ণ সঙ্গমরাজের সহিত গরুড় নগর নামক স্থানের রাজাকে আক্রমণ ও পরাস্ত করেন। সায়ণাচার্য্য যেমন প্রতিভাশালী ভাষ্যকার, তেমনি সুযোগ্য শাসক ও যুদ্ধজয়ী মহাবীর ছিলেন। রাজ্যশাসন, যুদ্ধজয় ও ভাষ্যরচনা যিনি এক সঙ্গে করিতে পারেন, তাঁহার মত অদ্ভুত পুরুষ ভারতে অধিক হয় নাই।

খ্রীষ্টীয় ১৩৬৪ অব্দের এক শিলালিপিতে লিখিত আছে, শ্রীমান্ মহামণ্ডলেশ্বর বীর শ্রীসায়ণ ঔডয়লু পৃথিবী

শাসন করিতেন। ইহাতে সঙ্গম রাজের নামোল্লেখ নাই। এই হেতু অধ্যাপক হেরাস তৎকৃত Beginnings of Vijaynagar History পুস্তকের ৯৮ পৃষ্ঠায় বলেন, "তখন সঙ্গম রাজপদে অধিষ্ঠিত ছিলেন না এবং সায়ণ বুক্করাজের অধীনে নেল্লোর প্রান্ত শাসন করিতেন।" ইহা হইতে অনুমিত হয় সায়ণ ১৩৬৪ খ্রীষ্টাব্দে বুক্করাজের মন্ত্রীত্ব গ্রহণ করেন। বুক্ক রায় ছিলেন বিজয়নগরের মহারাজা। সায়ণের বয়স যখন ৪৮ বৎসর হয়, তখন তিনি বেদভাষ্য রচনায় প্রবৃত্ত হন। বুক্করাজের শুভেচ্ছা ও অনুজ্ঞা অনুসারে তৎকর্ত্তৃক বেদভাষ্য রচিত হয়। ঋগ্বেদভাষ্যের পুষ্পিকাতে এই হেতু সায়ণ নিজেকে বীর বুক্ক সাম্রাজ্য ধুরন্ধররূপে বর্ণনা করিয়াছেন। খ্রীষ্টীয় ১৩৭৯ অব্দে মহারাজ বুক্ক ইহলীলা সংবরণ করেন। উক্ত বর্ষে বুক্কপুত্র হরিহর সিংহাসনে আরূঢ় হন এবং সায়ণকে পূর্ববৎ মন্ত্রীপদে অধিষ্ঠিত রাখেন। তখন সায়ণের বয়স প্রায় ৬৪ বৎসর হইয়াছিল। রাজা হরিহরের আজ্ঞায় সায়ণ অবশিষ্ট বৈদিক সংহিতা ও ব্রাহ্মণের ভাষ্য রচনাপূর্বক অমরত্ব লাভ করেন। প্রায় ছয় বর্ষ সায়ণ রাজা দ্বিতীয় হরিহরের অমাত্য ছিলেন। হরিহরের রাজত্বকালে ৭২ বৎসর বয়সে ১৩৮৭ খ্রীষ্টাব্দে সায়ণাচার্য্য ইহলীলা সংবরণ করেন।

সায়ণাচার্য্যের চরিত্র অলৌকিক ও আশ্চর্য্যজনক ছিল। তাঁহার প্রতিভা সাড়ে পাঁচশত বৎসর পরেও অক্ষুণ্ণ রহিয়াছে। চন্দ্রগুপ্তের অমাত্য কৌটিল্য অথবা মহাভারতোক্ত দ্রোণাচার্য্যের মত তিনি পাণ্ডিত্য ও বীরত্বের অলৌকিক প্রতিমূর্তি ছিলেন। কাঞ্চীতে প্রাপ্ত শিলা-লিপিতে উক্ত মর্মে নিম্নোক্ত শ্লোকার্ধ পাওয়া যায়, 'ভারদ্বাজকুলেশ সায়ণ! গুণৈঃ স্বত্বত্বমেবাধিকঃ।" ইহার অর্থ, ভারদ্বাজকুলতিলক সায়ণাচার্য্য ধন্য! বিচিত্র গুণরাজির সমাবেশে তোমার চরিত্র শ্লাঘনীয় ও স্মরণীয়!

ত্রিংশৎ বৎসর বয়স হইতে মৃত্যুকাল পর্য্যন্ত প্রায় বিয়াল্লিশ বৎসর সায়ণাচার্য্য নানা শাস্ত্র রচনায় ব্যাপৃত ছিলেন। দায়িত্বপূর্ণ মন্ত্রীপদে অধিষ্ঠিত থাকা কালেই তাঁহার শ্রেষ্ঠ গ্রন্থ সমূহ রচিত হয়। বুক্করাজের আজ্ঞানুসারে তিনি বেদভাষ্য রচনা করেন। ডক্টর ঔফ্রেক্ট সাহেবের মতে সায়ণ প্রায় পঞ্চাশখানি গ্রন্থ রচনা করিয়াছেন। এলাহাবাদের সাহিত্যাচার্য্য বলদেব উপাধ্যায় প্রণীত 'আচার্য্য সায়ণ ও মাধব' নামক হিন্দি গ্রন্থে উক্ত হইয়াছে যে, অনেক পণ্ডিত স্বীয় গ্রন্থকে আচার্য্য সায়ণের নামে চালাইয়াছেন। গভীর গবেষণার ফলে পূর্বোক্ত পণ্ডিত উপাধ্যায় এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে, বেদভাষ্য ব্যতীত সায়ণের আরও সাতখানি গ্রন্থ আছে। তন্মধ্যে সর্বপ্রথম গ্রন্থের নাম 'সুভাষিতসুধানিধি।' সায়ণের প্রথম আশ্রয়দাতা রাজা কম্পনের রাজ্যকালে ১৩৪০ হইতে ১৩৫৪ খ্রীষ্টাব্দের মধ্যে এই গ্রন্থ রচিত হয়। উক্ত গ্রন্থের শেষে এই শ্লোক ও গদ্যাংশ লিখিত আছে।—

"ভারদ্বাজান্বয়ভুজা তেন সায়ণমন্ত্রিণা।
ব্যরচ্যত বিশিষ্টার্থঃ সুভাষিতসুধানিধি॥"

ইতি পূর্বপশ্চিম সমুদ্রাধীশ্বরাধিরায় বিভাল শ্রীকম্প-রাজ মহাপ্রধান ভরদ্বাজবংশ মৌক্তিক-মায়ণ-রত্নাকর সুধাকর মাধব কল্পতরু-সহোদর-শ্রীসায়ণাচার্য্য বিরচিতে সুভাষিতসুধানিধৌ।"

এই গ্রন্থের চার পর্বে ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ পুরুষার্থ চতুষ্টয় ব্যাখ্যাত। ইহার পূর্বে সায়ণাচার্য্য 'পুরুষার্থ সুধানিধি নামক এক গ্রন্থ রচনা করেন। ইহাতে মহাভারত ও পুরাণসমূহ হইতে বহু শ্লোক সংগ্রহ পূর্বক তিনি বেদব্যাসের পরিচয় প্রদান করেন। 'সুভাষিত সুধানিধি' গ্রন্থে মোট ১১০৮ শ্লোক আছে। উক্ত গ্রন্থ রচনাকালে সায়ণের বয়স ত্রিশ বা বত্রিশ বৎসর হইয়াছিল। ঐ গ্রন্থে অসামান্য ঐতিহাসিক মহত্ত্ব বিদ্যমান। ইহার অর্থ-পর্বে বিজয়নগর রাজ্যের শাসকগণের বিবরণ পাওয়া যায়। দুঃখের বিষয়, এই গ্রন্থ অদ্যাপি মুদ্রিত হয় নাই। মাদ্রাজ সরস্বতীভাণ্ডার লাইব্রেরীতে ইহার হস্তলিখিত পুঁথি রক্ষিত আছে।

সায়ণকৃত 'প্রায়শ্চিত্তসুধানিধি' নামক এক গ্রন্থ আছে। ইহার অন্য নাম 'কর্মবিপাক।' আমাদের ধর্মশাস্ত্রে আচার, ব্যবহার ও প্রায়শ্চিত্ত সম্বন্ধে বিস্তৃত আলোচনা পাওয়া যায়। আলোচ্য গ্রন্থকে প্রায়শ্চিত্ত বিবেচনই মুখ্য উদ্দেশ্য। সঙ্গম ভূপালের মন্ত্রীপদে অবস্থান

কালে সায়ণ যে চারি গ্রন্থ রচনা করেন তন্মধ্যে 'প্রায়শ্চিত্ত সুধানিধি' প্রথম বলিয়া প্রতীত হয়। উক্ত গ্রন্থ রচনা কালে তাঁহার বয়স প্রায় চল্লিশ বৎসর হইয়াছিল।

আয়ুর্বেদ শাস্ত্রে সায়ণ কত ব্যুৎপন্ন ছিলেন তাহার প্রকৃষ্ট প্রমাণ তৎকৃত 'আয়ুর্বেদসুধানিধি' নামক গ্রন্থ। তাঁহার সর্বাঙ্গীণ বিদ্যাবত্তা এবং অসাধারণ পরোপকার-স্পৃহার ইহাই উৎকৃষ্ট উদাহরণ। তৎকৃত 'অলংকার সুধানিধি' গ্রন্থে 'আয়ুর্বেদ সুধানিধি' সম্বন্ধে এইরূপ উল্লেখ করিয়াছেন—'আয়ুর্বেদ সুধানিধি ব্যসনিভিঃ শ্রীসায়ণাচার্য্যোদিতং ভৈষজ্যম্।' পণ্ডিত শ্রীশৈলনাথ তৎকৃত 'প্রশ্নোত্তর রত্নমালা' নামক বৈদ্যক গ্রন্থে লিখিয়াছেন যে তাঁহার পিতামহ একাম্রনাথ সায়ণমন্ত্রীর প্রেরণায় 'আয়ুর্বেদ সুধানিধি' গ্রন্থের উপাদান সংগ্রহ করিয়া দেন।

সায়ণকৃত 'অলংকারসুধানিধি' গ্রন্থ দক্ষিণ ভারতে বিপুল প্রসিদ্ধি লাভ করিয়াছে। প্রসিদ্ধ পণ্ডিত অপ্পয় দীক্ষিত তৎকৃত 'চিত্র মীমাংসা' নামক অলংকার গ্রন্থে ইহার উল্লেখ করিয়াছেন। উক্ত গ্রন্থে সায়ণ সংস্কৃত ভাষার সমস্ত অলংকারের লক্ষণ ও উদাহরণ দিয়াছেন। অলংকার সম্বন্ধে গ্রন্থকারগণ সাধারণতঃ স্ব স্ব আশ্রয়দাতার উদাহরণ দিয়াছেন; কিন্তু সায়ণ উক্ত গ্রন্থে নিজ জীবনের বিশিষ্ট ঘটনাবলী দৃষ্টান্ত স্বরূপ উল্লেখ করিয়াছেন।

সায়ণকৃত 'ধাতুবৃত্তি' পাঠে জানা যায়, ব্যাকরণশাস্ত্রেও তাঁহার প্রগাঢ় ব্যুৎপত্তি ছিল। জ্যেষ্ঠভ্রাতা মাধবাচার্য্যের নিকট ব্যাকরণ অধ্যয়ন করায় ইহার নাম রাখেন 'মাধবীয়া ধাতুবৃত্তি।' গ্রন্থারম্ভে নিম্নোক্ত শ্লোক পাওয়া যায়।—

'তেন মায়ণ পুত্রেণ সায়ণেন মনীষিণা।
আখ্যয়া মাধবীয়েয়ং ধাতুবৃত্তির্বিরচ্যতে॥

অনুবাদ—মায়ণপুত্র সায়ণ কর্তৃক এই 'মাধবীয়া ধাতুবৃত্তি' বিরচিতা।

এই গ্রন্থ পাণিনীয় ধাতুপাঠের প্রামাণিক টীকা-গ্রন্থ। ইহাতে হেলারাজ, ভট্টভাস্কর, ক্ষীরস্বামী, শাকটায়ণ, পতঞ্জলি, ভাগুরি, কৈয়ট, জয়াদিত্য প্রভৃতি সুপ্রাচীন গ্রন্থকারগণের অভিমত স্থানে স্থানে উল্লিখিত। এই গ্রন্থের কতিপয় সংস্করণ প্রকাশিত হইয়াছে। বহুপূর্বে কাশীধামের 'পণ্ডিত' পত্রিকায় ইহার প্রথম প্রকাশন দেখা যায়। তৎপরে মহীশূর সংস্কৃত গ্রন্থমালা এবং অধুনা কাশী-সংস্কৃত সিরিজে ইহা প্রকাশিত। এই চার গ্রন্থ রচনাকালে সায়ণ দ্বিতীয় সংগম ভূপালের প্রধান মন্ত্রী ছিলেন এবং তখন তাঁহার বয়স চল্লিশ হইতে পঁয়তাল্লিশ বৎসরের মধ্যে ছিল।

যজ্ঞতন্ত্র সুধানিধি' সায়ণাচার্য্যের আর একখানি অমূল্য গ্রন্থ। ইহা হরিহর মহারাজ সাম্রাজ্য ধুরন্ধরের মন্ত্রীপদে অবস্থান কালে তৎকর্তৃক রচিত হয়। উক্ত কালে অথর্ব-সংহিতা ভাষ্য এবং শতপথ ব্রাহ্মণ ভাষ্যও লিখিত হয়। এই গ্রন্থত্রয় সায়ণের অন্তিম রচনা বলিয়া মনে হয়।

'পুরুষার্থ সুধানিধি' গ্রন্থের কথা পূর্বে কথিত হইয়াছে। ইহাতে আছে, একদা তত্ত্ববেত্তা সৎকথা-কৌতুকী সর্ব বিদ্যানিলয় বুক্কভূপতি রাজশেখর মাধবাচার্য্যকে প্রসন্ন বদনে বলিলেন, "আপনার শ্রীমুখ থেকে আমি বিবিধ শাস্ত্র, পুরাণ, উপপুরাণ ও মহাভারতাদি শুনেছি; কিন্তু হে বিপেন্দ্র, অল্পবুদ্ধি নরনারীদের জন্য পুরুষার্থের উপযোগী বাস বাক্য সমূহ আখ্যান মাধ্যমে আমাকে শোনান। রাজবাক্যে সন্তুষ্ট হইয়া মাধবাচার্য্য বুক্ক রাজকে নিবেদন করিলেন—

অয়ং হি কৃতিনামাদ্যঃ সায়ণার্য্যো মমানুজঃ।
পুরাণোপপুরাণেষু পুরুষার্থোপযোগিনীঃ।
উপদিষ্টা ময়া রাজন্ কথাস্তে কথয়িষ্যতি॥

অনুবাদ—আমার অনুজ এই আর্য্য সায়ণ কৃতিগণের মধ্যে সর্বপ্রধান। হে রাজন্, সমস্ত পুরাণ ও উপপুরাণের পুরুষার্থের উপযোগী বাক্যসমূহ এই সায়ণ আমার উপদেশ অনুসারে আপনাকে বলিবে। অগ্রজ মাধবের আদেশে সায়ণাচার্য্য বুক্ক মহীপতিকে বলিলেন—

সাধু সাধু মহাপ্রাজ্ঞ বুদ্ধিস্তে ধর্মদেশিনী।
বদামি ব্যাসবাক্যানি লোকানাং হিতকাম্যয়া॥

অনুবাদ—হে মহাপ্রাজ্ঞ মহীপতি, আপনার প্রস্তাব অত্যন্ত সুন্দর এবং আপনার বুদ্ধি ধর্মোন্মুখী। লোক হিতকামনায় ব্যাসবাক্য সমূহ আমি ব্যাখ্যা করিতেছি।

আচার্য্য সায়ণ যে ব্যাসবাক্য সমূহ রাজার নির্দেশে সংগ্রহ ও ব্যাখ্যা করেন তাহাই 'পুরুষার্থসুধানিধি' গ্রন্থে প্রদত্ত।

বেদভাষ্যকার সায়ণাচার্য্য কর্তৃক পূর্বোক্ত গ্রন্থসমূহ বিরচিত, ইহা অনেকেই জানেন না। কিরূপে তিনি বেদভাষ্য রচনায় প্রবৃত্ত হন, তাহা তৈত্তিরীয় সংহিতা ভাষ্যের উপক্রমণিকায় সায়ণ স্বয়ং লিখিয়াছেন। তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা মাধবাচার্য্য বেদার্থজ্ঞ মীমাংসক ছিলেন। মাধবাচার্য্য কৃত 'জৈমিনীয় ন্যায়মালা' তাঁহার মীমাংসা জ্ঞানের প্রকৃষ্ট প্রমাণ। মহারাজ বুক্করায় তাঁহার ধর্মগুরু ও মন্ত্রীবর মাধবাচার্য্যকে বেদার্থ প্রচারে আদেশ দেন। মাধব রাজাকে আদেশ দেন। আচার্য্য মাধব রাজাকে বলেন—

স প্রাহ নৃপতিং রাজন্ সায়ণার্য্যো মমানুজঃ।
সর্বং বেত্ত্যেষ বেদানাং ব্যাখ্যাতৃত্বে নিযুজ্যতাম্॥

অনুবাদ—সেই মাধব নৃপতিকে বলিলেন, হে রাজন্, আমার ছোট ভাই আর্য্য সায়ণ চতুর্বেদের সর্বতত্ত্ব অবগত। তাহাকে আপনি বেদব্যাখ্যাতারূপে নিযুক্ত করুন।

মাধবাচার্য্য কর্তৃক এইরূপে অনুরুদ্ধ হইয়া বীর বুক্ক মহীপতি বেদার্থপ্রকাশনে সায়ণাচার্য্যকে আদেশ দিলেন। বেদানুরাগী ধর্মপ্রাণ বুক্করায়ের আদেশে সায়ণাচার্য্য সযত্নে পূর্বোত্তর মীমাংসা ব্যাখ্যান্তে বেদার্থ ব্যাখ্যায় উদ্যত হইলেন। ভাষ্যকার সায়ণাচার্য্য স্বয়ং তাঁহার বেদভাষ্যের নাম দিয়াছেন 'বেদার্থপ্রকাশ।'

সায়ণাচার্য্য নিম্নোক্ত পাঁচখানি সংহিতা এবং তেরখানি ব্রাহ্মণ ও আরণ্যক—মোট আঠারখানি বেদগ্রন্থের ভাষ্য রচনা করিয়াছেন।—(১) কৃষ্ণ যজুর্বেদীয় তৈত্তিরীয় সংহিতা, (২) ঋগ্বেদ সংহিতা, (৩) সামবেদ সংহিতা, (৪) শুক্ল যজুর্বেদীয় কাণ্ব সংহিতা, (৫) অথর্ববেদ সংহিতা, (৬) কৃষ্ণযজুর্বেদীয় তৈত্তিরীয় ব্রাহ্মণ ও (৭) তৈত্তিরীয় আরণ্যক, (৮) ঋগ্বেদীয় ঐতরেয় ব্রাহ্মণ ও (৯) ঐতরেয় আরণ্যক, (১০) শুক্ল যজুর্বেদীয় শতপথ ব্রাহ্মণ এবং (১১) সামবেদীয় তাণ্ড্য বা পঞ্চবিংশ ব্রাহ্মণ ও (১২) ষড়বিংশ ব্রাহ্মণ ও (১৩) সামবিধান ব্রাহ্মণ ও (১৪) আর্ষেয় ব্রাহ্মণ ও (১৫) দেবতাধ্যায় ব্রাহ্মণ ও (১৬) উপনিষৎ ব্রাহ্মণ ও (১৭) বংশ ব্রাহ্মণ ও (১৮) সংহিতোপনিষৎ ব্রাহ্মণ।

ইহা হইতে স্পষ্ট প্রতীতি জন্মে যে, আচার্য্য সায়ণ চতুর্বেদের সংহিতা, ব্রাহ্মণ ও আরণ্যক ভাগের উপর বিশদ ব্যাখ্যা লিখিয়াছেন। শুক্ল যজুর্বেদের একটী ব্রাহ্মণ পাওয়া যায়—শতপথ ব্রাহ্মণ। ইহা একশত বৃহৎ অধ্যায়ে বিভক্ত। সায়ণ এই বৃহৎ গ্রন্থরত্নের সুন্দর ব্যাখ্যা লিখিয়াছেন। সামবেদের আটখানি ব্রাহ্মণের উপর তাঁহার ব্যাখ্যা পাওয়া যায়। ঋগ্বেদের দুই ব্রাহ্মণ ও দুই আরণ্যক বর্তমান—ঐতরেয় ব্রাহ্মণ ও আরণ্যক এবং কৌষিতকী ব্রাহ্মণ ও আরণ্যক। সায়ণাচার্য্য ঐতরেয় ব্রাহ্মণ ও আরণ্যকের ব্যাখ্যা লিখিয়াছেন; কিন্তু কৌষিতকী ব্রাহ্মণ ও আরণ্যকের ব্যাখ্যা লেখেন নাই। কৃষ্ণ যজুর্বেদের অনেক শাখার বহু গ্রন্থ পাওয়া যায়। তন্মধ্যে সায়ণ নিজ বেদশাখার তৈত্তিরীয় ব্রাহ্মণ ও তৈত্তিরীয় আরণ্যকের ব্যাখ্যা রচনা করিয়াছেন। বৈদিক সাহিত্যের এক বৃহৎ অংশের উপর সায়ণ প্রামাণ্য ভাষ্য লিখিয়াছেন। কোন পূর্ববর্তী বা পরবর্তী ভাষ্যকার এত গ্রন্থ রচনায় সমর্থ হন নাই। ইহাই আচার্য্য সায়ণের অনুপম কৃতিত্ব ও বিশেষত্ব।

সায়ণ স্বয়ং কৃষ্ণযজুর্বেদীয় তৈত্তিরীয় শাখাভুক্ত ব্রাহ্মণ হওয়ায় ও আজন্ম উহার সহিত পরিচিত থাকায় তিনি মহারাজ বুক্করায়ের আদেশে সর্বপ্রথম তৈত্তিরীয় সংহিতার ভাষ্য লিখেন। সায়ণভাষ্য সহ উক্ত সংহিতা পুনা আনন্দাশ্রম হইতে প্রকাশিত হইয়াছে। আশ্চর্য্যের বিষয়, তিনি চতুর্বেদের কোন উপনিষদের ভাষ্য রচনা করেন নাই। তৎকালে গীতা, ব্রহ্মসূত্র ও দশোপনিষদের শাংকর ভাষ্য ভারতে প্রচলিত ছিল বলিয়াই হয়ত তিনি উক্ত কার্য্যে হস্তক্ষেপ করেন নাই, ব্যাসদেবকে বিশালবুদ্ধি বলা হয়। আমার মনে হয়, সায়ণাচার্য্যও কম বিশালবুদ্ধি ও প্রতিভাশালী ছিলেন না। তাঁহাকে কলিযুগের বেদব্যাস বলিলেও অত্যুক্তি হয় না। সায়ণকৃত বেদভাষ্য পাঠ করিলে তাঁহার প্রতিভা ও পাণ্ডিত্য দর্শনে মুগ্ধ হইতে হয়। বাংলা দেশে ঐ সব গ্রন্থের প্রকাশন ও প্রচলন হইলে বাংলা সাহিত্য সমৃদ্ধ ও বঙ্গীয় সমাজ উন্নত হইবে।

সুগত-স্মরণে

কবিশেখর কালিদাস রায়

রেখেছ ভারতে তীর্থ করি,
শুচি সাধনায় বোধি বোধনায়
আড়াই হাজার বছর ধরি।
ভারতের বোধি তরুর তলে,
দিব্যানন্দে যে আলোক তুমি
পেয়েছিলে মহা তপের ফলে,
তিমির-মগ্ন অর্দ্ধ-ভুবন
লভি সেই জ্ঞানালোকের ভাতি,
মেলিল নয়ন প্রভাত হইল
মানব মনের অমার রাতি।
সভ্য জীবন তা হতে সুরু
গত কত যুগ, তবু তুমি প্রভু
আজো আছ সেই জগদ্‌গুরু।

দিয়ে গেছ তুমি চরম বাণী।
ধর্মে ধর্মে কতনা দ্বন্দ্ব
দ্রোহ-বিগ্রহে কত না গ্লানি।
সবার উর্দ্ধে তব বাণী রাজে
অম্লান চির সত্য ধ্রুব।
সঞ্চার করে সাম্য মৈত্রী
যা কিছু শান্ত, যা কিছু শুভ।
আড়াই হাজার বছর আগে
যে সত্য তুমি করেছ প্রচার
নানা মতবাদে তাহাই জাগে।
চির পুরাতনে নূতন লাগে।
সারা ধরা আজ আর্ত্ত কাতর,
হিংসার বিষে চেতনা হারা;
ঘুচায়ে ভ্রান্তি চাহে যে শান্তি,
কোথা পাবে তব বাণীটি ছাড়া?

ভোগের পঙ্কে শূকরের মত
রয়েছে যাহারা মজ্জমান।
তাহারাও চায় পুনরুদ্ধার
কে করে তাদেরে পরিত্রাণ?
আড়াই হাজার বছর পরে
আর্ত্ত বিশ্ব তোমারে স্মরে।
দেখাও সুপথ অন্তরে তার
সুমতি জাগাও করুণা ভরে।
ধ্বনিত হউক তোমার বাণী।
প্রভু তথাগত রাখো ব্যথাহত
ধরণীর শিরে অভয়পাণি।

এই এশিয়ার স্থলে জলে
যত ফাটিতেছে নিতি আণব বোমা,
ততই স্মরণ করি নিশি দিন
তথাগত মহামানব তোমা।
বরাভয়দাতা, তোমার এশিয়া
তোমার আঘাতে যাবে কি ধ্বসিয়
ভস্ম তাহার যাবে কি ভাসিয়া
কালো হবে তাতে মহাসাগর?
যেমন করিয়া ধ্যানযোগে জানি
স্মরি বালকের ভীত মুখখানি,
বিদূরিলে ভয় প্রসারিয়া পাণি
তেমনি ঘুচাও তাহার ডর।
এখনো তোমার মৈত্রীর বাণী
যায়নি এশিয়া বিস্মরিয়া,
যতই মারণ যজ্ঞ জ্বলুক
লেলিহান শিখা বিস্তারিয়া;

তব অক্ষয় তূণীর ভরা
এখনো হে প্রভু শান্তিনীরে
প্রসন্নপাণি তুলিয়া দাঁড়াও
প্রশান্ত মহাসাগর তীরে।
সাম্য মৈত্রী শান্তির বাণী প্রচারিলে একদিন
হিংসা বৃত্তি হয়েছিল তায় ক্ষীণ,
মানুষের এই সভ্যতা তাই আগায়েছ এতদূর
মানব শুনিল, শোনে নি সে বাণী যাহারা
হিংস্র ক্রূর।

তাদের বংশধর
মানব বংশ ধ্বংস করিতে হয়েছে অগ্রসর।
যে বীজ নিহিত ছিল ধ্বংসের
এই সৃষ্টির তলে
অণুপরমাণু দলে
তাই দিয়ে তারা সৃষ্টি নাশিতে চায়
তোমার মানুষ আজি বড় অসহায়।
তোমার অশোক অভয় বাণীটি
আবার মানুষ চাহিবে কবে?
ধনতন্ত্রের রণতন্ত্রের
শাসনে দলিত হবে সে যবে,
দৈহিকতার ঐহিকতার
জ্বালায় জ্বলিবে বিশ্বজনে
তব বাণী ছাড়া নির্বাণ গুরু
কিসে হবে জ্বালা নির্বাপণ?

ভারতীয় সংস্কৃতি সাধনায় নারী।

শ্রীমতী বীণা চক্রবর্ত্তী এম্, এ,।

ভারতীয় সংস্কৃতি সাধনায় নারীর অবদান পুরুষের অপেক্ষা কোন অংশে কম ত নহেই বরং অধিকতর।

প্রাচীন ভারতের ইতিহাস পর্য্যালোচনা করিতে গেলে ইহার যথার্থতা প্রমাণিত হয়। নারীর আত্মিক শক্তি, আধ্যাত্মিক কৃষ্টি, ও তীক্ষ্ণ মেধার পরিচয় পাইয়াছিল সে যুগের মানব, তাই সে যুগে জীবনের প্রতিটী ক্ষেত্রে নারী পুরুষের সহিত সমান অধিকার লাভ করিয়াছিল। শিক্ষা-তীর্থে, কর্ম্মক্ষেত্রে, গার্হস্থ্যজীবনে নারী এবং পুরুষের ভিতর সুযোগ সুবিধা লাভে এতটুকু পার্থক্য ছিল না। ফলে নারীপুরুষ নির্ব্বিচারে সেদিন গুরুগৃহে বিদ্যার্জ্জনের অধিকার ছিল। পাঠসমাপ্তে স্ব স্ব দৃষ্টিভঙ্গী অনুযায়ী যে যাহার কর্ম্মক্ষেত্র নির্ব্বাচন করিয়া লইত। বিবাহ নারীর পক্ষে সে যুগে বাধ্যতামূলক ছিল না। বিদুষী নারী সেকালে ইচ্ছা করিলে চিরকৌমার্য্য গ্রহণ করিয়া অধ্যয়ন, অধ্যাপনায় জীবন অতিবাহিত করিতে পারিতেন। স্বীয় পতি নির্ব্বাচনে নারীর স্বাধীনতা ছিল, স্বয়ম্বর সভা আহ্বান অথবা রাজ দুহিতা সাবিত্রীর পতি অন্বেষণে দেশে পর্য্যটন তাহার প্রকৃষ্ট প্রমাণ। গার্হস্থ্য জীবনে প্রতিটী কর্ম্মে স্বামীর পার্শ্বেই ছিল পত্নীর স্থান, ধর্ম্মাচরণে পত্নীর সাহচর্য্য ছিল অপরিহার্য্য; তাই অশ্বমেধ যজ্ঞসভায় নির্ব্বাসিত সীতাদেবীর স্থানপূরণের নিমিত্ত তাঁহার কাঞ্চনময়ী প্রতিমূর্ত্তি স্থাপনের প্রয়োজন হইয়াছিল শ্রীরামচন্দ্রের। সে যুগে পত্নী যথার্থই পতির সহকর্ম্মিনী, সহধর্ম্মিনী ছিল।

শাস্ত্রালোচনায় অংশ গ্রহণ করিয়াই নারী সে যুগে ক্ষান্ত হয় নাই। কোন কোন বিদুষী মহিলার শাস্ত্রে এবম্বিধ ব্যুৎপত্তি লাভ হইয়াছিল যে তাঁহারা কেহ কেহ বেদের সূত্র পর্য্যন্ত রচনা করিয়াছিলেন। শাস্ত্রজ্ঞা বিদুষী মহিলাদিগের ভিতর গার্গী, মৈত্রেয়ী, খনা প্রভৃতি প্রাতঃস্মরণীয়া।

জ্ঞানগরিমায় ভারত সেদিন বিশ্বজগতে শ্রেষ্ঠ পরিগণিত হইয়াছিল। ধর্ম্মপ্রচারে, শিক্ষাপ্রসারে ভারত বাসীরা দিকে দিকে অভিযান করিয়াছিল। সেই অভিযানে পুরুষের সহযোগিনী হইয়াছিল নারী। নারী এবং পুরুষের সমবেত অবদানে যে যুগের ইতিহাস মহিমান্বিত ছিল। সে ছিল ভারতের গৌরবময় স্বর্ণ যুগ।

বিধাতার আশীর্ব্বাদ কোন দেশ বা জাতির উপর বোধ হয় সমভাবে চিরদিন বর্ষিত হয় না, তাই ভারতের ভাগ্যাকাশে পট পরিবর্ত্তন ঘটিল।

আত্মকলহের সর্ব্বনাশা ছিদ্র পথে বিদেশী বিধর্ম্মী শাসক সম্প্রদায় সোনার ভারতে সুদৃঢ় আসন গ্রহণ করিল। পুরুষ সেদিন হীনবল, নারীর মর্য্যাদা বিধর্ম্মীদের হস্তে ক্ষুন্ন হইবার আশঙ্কা। তাই মুসলমান সাম্রাজ্যের অভ্যুদয়ে নারীর জন্ম সৃষ্টি হইল অবরোধ প্রথা, সর্ব্ববিষয়ে নারী স্বাধীনতার বিলুপ্তিঘটিল। শৈশব অতিক্রান্ত হইলেই পিতামাতা কন্যাকে পতিগৃহের রক্ষণাবেক্ষণে প্রেরণ করিয়া দায়িত্ব মুক্তির জন্ম প্রয়াসী হইতেন। এইভাবে বাল্যবিবাহের প্রচলন হইল। নারীর শিক্ষালাভের সুযোগ আর রহিল না। সে হারাইয়া ফেলিল তাহার কৃষ্টি। বৃহত্তর বহির্জগতের সহিত সম্পূর্ণ বিচ্ছিন্ন যোগ হইয়া গৃহের স্বল্পপরিসর সীমার সঙ্কীর্ণ গণ্ডীর ভিতর আবদ্ধ নারীর অবস্থা কূপমণ্ডুকের সমতুল্য হইল। শিক্ষা নাই, কৃষ্টি নাই, গণ্ডীবদ্ধ সীমানার ভিতর দিন যাপন করিতে করিতে নারীজাতি ক্রমশঃ হইয়া উঠিল সঙ্কীর্ণ চেতা, হীনমনা, আত্মপরায়ণা। অতীত যুগের আপন মহিমায় মহিমান্বিতা, ভারতের গৌরবের মূর্ত্ত প্রতীক মহিলাদিগের স্থানে ঘরে ঘরে দেখিলাম তাঁহাদিগের প্রেত ছায়াস্বরূপিণী কতগুলি অসহায়, নিরুপায় জীব।

সমাজের একটী অঙ্গ যে মুহূর্ত্তে পঙ্গু, অকর্ম্মণ্য হইয়া পড়িল, অপর অঙ্গটীও আর সে মুহূর্ত্তে সুস্থ, সতেজ রহিলনা। নারী আর পুরুষ সমাজদেহের দুইটী প্রধান অঙ্গ, একটী রোগদুষ্ট হইলে অপরটীরও সংক্রমিত হইবার সম্ভাবনা।

ভারতের স্বর্ণযুগে নারীর সার্থক সহায়তায় জীবনক্ষেত্রে পুরুষের প্রতিটী কর্ম্ম সাফল্যমণ্ডিত হইয়াছিল। সে যুগে নারী ছিল পুরুষের সহকর্ম্মিণী, সহচারিণী। সর্ব্ববিষয়ে স্বাধীনতাবঞ্চিত, গৃহকোণাবদ্ধা, অজ্ঞানতাতমসাচ্ছন্না নারী, পরাধীনতার অভিশপ্ত দিনে, হইয়া উঠিল পুরুষের গলগ্রহ, ভারস্বরূপ। সেই ভারের চাপে পুরুষও দিনের পর দিন ম্রিয়মাণদেহ, হৃতবীর্য্য হইয়া পড়িল। হারাইয়া ফেলিল পুরুষ তাহার উদার দৃষ্টিভঙ্গী, সতেজ কর্ম্মক্ষমতা। ভুলিয়া গেল পুরুষজাতি নিজেদের গৌরবময় ঐতিহ্য, ভুলিয়া গেল যে তাহারা কেবল জৈবিকধর্ম্ম আচরণ করিতেই পৃথিবীতে আসে নাই, তাহারা ভারতবাসী, বেদস্রষ্টা ঋষি তাহাদিগকে আহ্বান করিয়াছেন "অমৃতস্য পুত্রাঃ" নামে, "সোঽহম্" বলিয়া বেদনিষ্ঠ মানুষকে ঈশ্বরের সহিত একাত্ম বলিয়া ঘোষণা করিয়াছেন।

পরাধীনতার শৃঙ্খলের গুরুভারে ভারতবাসীর অধোমুখেই গতি হইল। অশিক্ষা, কুশিক্ষার প্রভাবে হইয়া উঠিল আত্মকেন্দ্রিক, কুসংস্কারাচ্ছন্ন, মোহলিপ্ত। বৈদিক যুগের সত্ত্বগুণের স্থানে বিরাজ করিতে লাগিল রজোগুণ, তমোগুণ। বৈদিক ধর্ম্মের নিগূঢ় তত্ত্বটী উপলব্ধি করিবার ক্ষমতা রহিলনা শিক্ষাহীন জাতের; ফলে সমাজের অপেক্ষাকৃত শক্তিশালী সম্প্রদায় স্বীয় স্বার্থ-সুবিধানুযায়ী বেদধর্ম্মবিরোধী কতগুলি বাধানিষেধ, ভেদাভেদের সৃষ্টি করিয়া নিজদিগের এবং নিম্নবিত্ত, অধিকতর অসহায় মানুষ গুলির ভিতর এক কৃত্রিম ব্যবধান রচনা করিল। ইহার অবশ্যম্ভাবী পরিণাম স্বরূপ পরস্পরের ভিতর হিংসাদ্বেষ, হানাহানির সূত্রপাত হইল। বিদেশী শাসকবর্গের ইহাই কাম্য, পারস্পরিক সম্প্রীতির অভাব একতার পরিপন্থী, ভেদনীতিই রাজদণ্ডের নিরাপত্তার প্রধান অস্ত্র।

ভারতবাসীর হস্তচ্যুত রাজদণ্ড গ্রহণ করিল মুসলমান, মুসলমানের করতলগত রাজদণ্ড কৌশলে অপহরণ করিল বাণিজ্যব্যবসায়ী ইংরাজ। অভিশাপগ্রস্ত দীর্ঘদিন অতিবাহিত হইল। পুনরায় পটপরিবর্ত্তন হইল ভারতের ভাগ্যাকাশে। পরাধীনতার নাগপাশ মোচন করিয়া মোহনিদ্রা হইতে জাগিয়া উঠিল ভারতবাসী। "উত্তিষ্ঠত,

জাগ্রত, প্রাপ্য বরান্ নিবোধত", সত্যদ্রষ্টা ঋষির অমরবাণী কর্ণকুহরে আশার বাণী শুনাইয়া গেল।

ভারত স্বাধীন হইয়াছে, স্বাধীন দেশের অধিবাসী আমরা, স্বীয় ভবিষ্যৎ ইচ্ছানুযায়ী রচনা করিবার ক্ষমতা পুনরায় আমরা লাভ করিয়াছি। সম্মুখে এখন গুরুভার কর্ত্তব্য। হৃতস্বাধীনতার মোহাচ্ছন্ন দিবসে ভারতের কৃষ্টি, ভারতের ঐতিহ্যের উপর বিস্মরণের আস্তরণ পড়িয়াছিল, বিস্মৃতির অন্তরাল হইতে ভারতের সেই নিজস্ব সম্পদ উদ্ধার করিয়া, ভারতের জনগণকে তাহার দ্বারা পুনরায় উদ্বুদ্ধ করিতে হইবে।

সমগ্র বিশ্ব এখন অগ্রগতির পথে, ভারতকেও অগ্রসর হইয়া আসিতে হইবে। অগ্রগতির তালে তাল মিলাইয়া না চলিলে বিশ্বের দরবারে অপরাপর পরাক্রান্ত দেশের সহিত তুল্য মর্য্যাদা সে পাইবে কি প্রকারে? কিন্তু চলার তালে আত্মহারা হইলে চলিবেনা, মনে রাখিতে হইবে যে ভারতের প্রকৃত সম্পদ ভারতীয় সংস্কৃতি, ভারতের কৃষ্টি, ভারতের ঐতিহ্য। ইহাদের অবহেলা করিলে সমূহ অকল্যাণ হইবার সম্ভাবনা। ভারতের গরিমাময় যুগে ভারতের কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্যই ভারতবাসীকে বিশ্ববরেণ্য করিয়াছিল এবং ইহারাই পুনরায় তাহাকে বিশ্বজগতে স্বকীয় মর্য্যাদায় প্রতিষ্ঠিত করিবে।

স্বাধীন ভারতে নারীর দায়িত্ব প্রচুর। তাহার অবস্থার পরিবর্ত্তন ঘটিয়াছে। গৃহের চতুঃসীমার গণ্ডীর ভিতর আবদ্ধা হইয়া আজ আর সে তৈজসপত্রের সামিল পরিগণিত হইতেছে না। বহির্বিশ্বে সে আজ নিঃশঙ্ক পদক্ষেপে বাহির হইয়া আসিয়াছে; শিক্ষার্জ্জনে তাহার আর বাধা নাই; জীবনের প্রতিটী ক্ষেত্রে, প্রাচীন যুগের ন্যায়, আজ তাহার অবাধ স্বাধীনতা। অতিশয় সতর্কতার সহিত এখন চলিতে হইবে নারীকে। বিগত দীর্ঘ দিবস অজ্ঞানতাতিমিরে অবাঞ্ছনীয় জীবন যাপন করিবার পর, আলোকে আসিবার সুযোগ লাভ করিয়া, সেই সুযোগের অপব্যবহার যদি তাহার আচরণে ঘটে, তাহা হইলে পরিতাপের আর সীমা থাকিবেনা।

শক্তির প্রতীক নারী। ব্রহ্মাণ্ডের অখণ্ড শক্তিকে নারী রূপে কল্পনা করিয়া বৈদিক ঋষিরা জগজ্জননী মহাদেবী দুর্গাকে অর্চ্চনা করিয়াছেন।

শক্তির বিভিন্ন প্রকাশে নারীর বিভিন্ন রূপ। তাই কখনো সে দেবী, কখনো সে দানবী। নারীর হস্তে পুরুষ ক্রীড়নক মাত্র। নারী লইয়া যায় পুরুষকে ঊর্দ্ধলোকে, পুরুষের মনে জাগাইয়া তোলে "সত্যম্ শিবম্ সুন্দরমের" আকাঙ্খা। আবার সেই নারীর ভ্রূভঙ্গিমাতে পঙ্কিলতার কলুষ আবর্ত্তে নিমজ্জিত হয় পুরুষ। নারীর দানবী মূর্ত্তি দেখিতে চাই না। দেবী মূর্ত্তিতে তাহার আত্মপ্রকাশের বিশেষ প্রয়োজন। তাহার অপূর্ব্ব ঐশী শক্তি প্রয়োগের মাহেন্দ্রক্ষণ আজ সমাগত।

নারীর সম্মুখে আজ ত্রিবিধ দায়িত্ব। পুরোবর্ত্তিনী মহীয়সী মহিলাদিগের আদর্শ নিজের জীবনে উপলব্ধি করিয়া স্বীয় কার্য্যে, আচরণে ভারতীয় সংস্কৃতি মূর্ত্ত করিয়া তুলিতে হইবে। পুরুষ নারীর কাছে চায় প্রেরণা। আত্মশক্তিদানে পুরুষকে শক্তিমান করিয়াছিলেন সর্ব্বশক্তির আধার প্রকৃতি। সেই আদ্যা শক্তির অংশে জন্ম নারীর, পুরুষকে শক্তি, প্রেরণা, সাহস যোগাইবার দায়িত্ব তাহার। বেদোক্ত পথে চলিয়া দেশের শ্রীবৃদ্ধি সাধনে পুরুষকে ব্রতী করিতে সহায়তা করিতে হইবে নারীকে। শিশুরা আগামীদিনের নাগরিক। সন্তান সন্ততিকে সেই অনুযায়ী উপযুক্ত শিক্ষা দিবার, ভারতীয় সংস্কৃতিতে তাহাদিগকে অনুপ্রাণিত করিবার ক্ষমতা জননীরই হস্তে। জননীর স্নেহতপ্ত ক্রোড়ে যে শিক্ষা সন্তান লাভ করে, তাহাই তাহার জীবনে চিরতরে মুদ্রিত হইয়া যায়।

P 362-01

ভারতীয় সংস্কৃতিকে ভারতের নারী এবং পুরুষ স্ব স্ব জীবনে সম্যকরূপে গ্রহণ করিয়া সেই ভাবধারা অধিকতর সমুজ্জ্বল করিয়া তুলিতে পারিলেই সূচিত হইবে প্রকৃত কল্যাণ, সেই কল্যাণের পথেই স্বর্গাদপি গরীয়সী জন্মভূমির যথার্থ মঙ্গল সাধন সম্ভবপর হইবে।

প্রণাম

মধুসূদন চট্টোপাধ্যায়

সাম্য কোথা খুঁজে ফিরি—পদে পদে অসাম্য যেথায় ?
নররূপী নারায়ণ অত্যাচারে অর্জরিত কাঁদে,
দানবের সৃষ্ট অপবাদে ;
পিতৃধন অমৃতধন মর্ত্যপটে বড় অসহায় !
অন্তহীন অভিসার কতবার—কে রাখে হিসাব ?

নিখিলের দেবালয় হয়েছে তো গুপ্ত অস্ত্রাগার,
অপব্যাখ্যাশঙ্কিত দিন কল্যাণেরে করেছে চুরমার।
হা রাম—অন্তিম বাণী করেছে প্রচার।

সকল প্রেরণামূলে তবু অভিরাম
তুমি সত্যকাম।
তোমারে প্রণাম ॥

পৃথিবী যে মধুময়—তারই তো প্রস্তাব
এনেছিল কবে এক পুষ্পময় সমুদ্রের তীর ;

তেজ দাও—বীর্য দাও, বিজয়ী আরাব
বিশ্বজুড়ে প্রার্থনার ঢেলেছিল উন্মত্ত আবীর।
প্রভাতের দ্বারে তাই নাস্তিকের দেখি নতশির।

যে বলিষ্ঠ শক্তিপুঞ্জ রাত্রির আঙুলে
অক্ষমালা হয়ে ফেরে বিশ্বসন্ন্যাসীর,
অন্ধকার স্রোতে আজ নিবু নিবু তারা দুলে দুলে
বাউল চলেছে ছুঁতে আলোকের সোনার মন্দির।
মৃত্তিকার তিলক পরে সে মন্দিরে তুমি যে সুঠাম,
তোমারে প্রণাম ॥
পরম প্রতিষ্ঠা অর্থ—পরমাত্মার চরণে বিলয়,
তুমি যন্ত্রী আমি যন্ত্র—আর কিছু নয়, নয়, নয়।
আনন্দের এ যজ্ঞভূমির উন্মেষিত যা কিছু সঞ্চয়
অমৃতের পুত্র বলে অন্তহীন শেষ পরিচয় !
এ নিখিল দিনে দিনে দিয়েছে তো ডাক,
সুন্দরের আলোকস্বপ্নে এনেছে বৈশাখ,
নিঃশঙ্ক সোহাগ।
মেরুপথে নবযাত্রী অসপত্ন ঐশ্বর্যের হল অধিকারী,
অনন্তধর্মের বলে বিজয়ধ্বজ নবীন দিশারী।
ধনুষ্কোটির পুঞ্জমেঘ শৈলদ্বীপে নিত্য ঘনশ্যাম,
সে যে তুমি—তুমি—তুমি, চিহ্নহীন তোমারে প্রণাম।

নিরাকার নিরঞ্জন

মহর্ষি প্রেমানন্দ

সর্ব্ব নিস্রাবী, নিসর্গোদ্গাতা।

গীতার কথা—"নির্দ্বন্দ, নিত্যসত্ত্বস্থ, নির্যোগক্ষেম, আত্মবান"—নিসর্গোত্তর রূপে নির্ব্বিশেষ—নিসর্গান্তরে সাবিশেষ। তাইত তিনি "দ্বন্দ্বাতীতং", "ত্রিগুণরহিতং"। প্রকৃতির প্রথমে তিনিই প্রথিত। তবুও অপ্রদিগ্ধ। গীতাও বলে

"ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ।"

নিস্তরঙ্গ, নির্গুণসত্ত্বা।

মহা কল্লোলের জাগৃতি দিয়েও নিজে কিন্তু নীরব, নিথর। ক্ষয়িষ্ণু প্রকৃতির প্রকাশ দিয়েও নিজে কিন্তু রয়েছেন নির্ক্ষয়িষ্ণু সত্তায়। চিরন্তন অজ অব্যয় হয়ে। গীতায় বলেছে—

"অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া ॥" ৪।৬

(আমি জন্ম রহিত, অবিনশ্বর স্বভাব, এবং প্রাণীগণের ঈশ্বর হইয়াও নিজ কৃপাবলে পঞ্চভূতময় দেহে অধিষ্ঠিত হইয়া (জীবের) উপায় নির্দ্ধারণ করি। মায়া=কৃপা, প্রকৃতিং=পঞ্চভূতময় দেহ, সম্ভবামি=উপায় নির্দ্ধারণ করি।)

হিরণ্যগর্ভ।

সমষ্টিভূত জৈবী চেতনার আদি হিরণ্ময় সত্তা। বিবর্ত্তন চক্রে সৃষ্টিমূলে ভাবসত্তায় প্রথম প্রকাশ "অব্যক্ত" হয়। যেমন বৈজ্ঞানিকের "নেবুলা" (Nebula)। ক্রমে ঘনীভূত ভাবে এল রূপ। আলোর মাঝে ধরা দিল চির অধৃত। আদি জীব অনন্ত সত্তা নিয়ে প্রথম প্রকাশ পেল হিরণ্যগর্ভে। মহাশূন্যে সৌম্য সহাস হয়ে প্রথম বিকাশ নিল সূক্ষ্ম প্রকৃতি। অরূপের সুরু হল রূপায়ণ। তিনিও অনাদি। তাইত গীতা বলেছে—

"প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদি উভাবপি"

(প্রকৃতি এবং পুরুষ উভয়কেই অনাদি বলিয়া জানিও)

মহামৌনী একক অদ্বিতীয়ে যা'ছিল সঞ্চিত—সেই পরাসত্তার মুহূর্ত্তের ঈক্ষণে তাই হল বিশ্লেষিত। প্রকৃতি পরমেরই এক বিশ্লেষিত ধারা। সত্তার পরিপালিনী, পরিবাহিনী শক্তির দিব্য দ্যোতনা, সে সবল পরম না হলেও পরমধর্ম্মী। সিন্ধুতে যে জল ধর্ম্ম, বিন্দুতেও তাই বিদ্যমান। তবুও অনন্তের একটি বিষয় শুধু বিশিষ্ট। সবিতৃর তেজ রূপ বিষয়ে থেকেই বিশ্বের বিকাশ। অসীম বিষয়ের আধার বলেই তিনি অন্তহীন। গীতার কথা—

"মম তেজোঽংশ সম্ভবম্"

(আমার তেজরূপ বিষয় হতে সৃষ্ট। অংশ=বিষয়)

বোধ বিমূঢ় হয় এখানে এসে। বোধিতে এই বিজ্ঞান দেয় ধরা। তখনই আসে বুদ্ধত্ব। শুধু পরিচিতিতে প্রজ্ঞার প্রসারতা কম। অনুভূতিতে থাকে অসীমের পূর্ণ অভিখ্যা। তাইত জ্ঞান আর বিজ্ঞান। জ্ঞানে হয় পরিচয়, বিজ্ঞান দেয় অনুভূতি। পরিচিতি আর অনুভূতির মিলনেই বুদ্ধত্ব।

সর্ব্ব নিস্রাবী বলেই তিনি নিরাকার। বেদান্ত বলে "নির্গতঃ আকারঃ যস্মাৎ"—যা' থেকে আকার বেরিয়ে এসেছে। সর্ব্বাকারের সমাহার বলেই তিনি স্বীয় আকারে প্রতিষ্ঠিত। যাঁকে উপলব্ধি করা যায়, উন্মেষ দেওয়া যায় না। তাই তিনি অনুভূত হলেও চির অকথিত। কেবল বোধিগ্রাহ্য গুহ্য সত্তা। সবিশেষবাদীর সুসৃষ্ট ভাগবতী রূপের মাঝে আছে কলমুখর মনের কল্পনার বিলাস আর সংস্কারের সমারাধন। "অখণ্ড মণ্ডলাকারং" যিনি, তিনিত খণ্ড রূপে হন সমালব্ধ। আবার নির্ব্বিশেষবাদীর বিভুর সর্ব্ব বিকাশের আছে এক নিষ্ঠুতি। মিথ্যা বলে তাঁর সর্ব্ব রূপায়ণে দেয় অস্বীকৃতি। স্বীকৃতি নাই "একোঽহং বহুস্যাম্" আর "সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্ব" বাক্যে। প্রাকৃত রূপরাশী দৃশ্যতঃ অনিত্য হলেও প্রবাহ রূপে নিত্য। মানুষের ব্যক্তি রূপ অনিত্য, বিলয় ধর্ম্মী। কিন্তু মানুষী ধারার প্রবাহ সত্য। গীতা বলে—

"অবিনাশি তু তদ্‌বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।"

(যিনি সর্ব্ব বস্তুতেই (পরিদৃশ্যমান) ব্যাপ্ত হইয়া আছেন, তাঁহাকে অবিনাশী জানিবে।)

তাই সৃষ্ট রূপ প্রবাহে মিথ্যা নাই। যা' আছে সকলই সত্য, শাশ্বত। সুন্দরের শতধা প্রকাশ। আর চিরন্তন প্রসার।

ভাবময় বিভু। তাঁরি ভাব রূপায়ণে এই বিশ্ব। ভগবদ্ নামাঙ্কনে যা' কিছু রূপায়ণ—সকলই ভাবাঙ্কন। ঋগ্বেদে বলে—"ন তস্য প্রতিমা অস্তি যস্য নাম মহদ্‌যশঃ। কবি গেয়েছেন—

"প্রতিমা দিয়ে কি পূজিব তোমারে এ বিশ্ব নিখিল তোমারি প্রতিমা।" প্রতিমা বল্‌তে ভগবদ্ প্রতিমা নয়। ভগবদ্ ভাব প্রতিমা (symbol of idea)। কিন্তু ভগবান ভাবময় (system of idea)। ভাবাঙ্কন সহজ ও সম্ভব। অসম্ভব যে ভাবজনয়িতৃর চিত্রায়ন। অসীমের আলেখ্য অঙ্কনে আছে অভিধ্যাতার অভিগ্রহ। সেখানে থাকে না অভিধেয়ের পূর্ণ অভিখ্যা। শাস্ত্রও বলেছে "সাধকাণাং হিতার্থায় ব্রহ্মণো রূপকল্পনা"। যেখানে কল্পনার বিলাস, সেখানে নাই স্বাভাবিকতার উচ্ছ্বাস। ব্যাসদেবও বলেছেন—

"রূপং বিবর্জ্জিতস্য ভবতো ধ্যানেন যৎ কল্পিতং
স্তুত্যানির্ব্বচনীয়তাখিল গুরু দূরীকৃতা যন্ময়া।
ব্যাপিত্বঞ্চ নিরাকৃতং ভগবতো যত্তীর্থযাত্রাদীনা,
ক্ষন্তব্যং জগদীশ! তদ্‌বিকলতা দোষত্রয়ং মৎকৃতং॥"

(তুমি রূপ বিবর্জ্জিত, আমি ধ্যানে যে তোমার রূপ কল্পনা করিয়াছি; তুমি অখিল গুরু এবং বাক্যের অতীত,

আমি স্তবের দ্বারা তোমার সেই অনির্ব্বচনীয়তা দূর করিয়াছি; তুমি সর্ব্বব্যাপী, অথচ আমি তীর্থ যাত্রাদি দ্বারা তোমার যে সেই সর্ব্বব্যাপিত্ব নষ্ট করিয়াছি; হে জগদীশ! মৎকৃত এই তিনটি বিকলতা দোষ নষ্ট কর।)

উপনিষদ বলে—

নৈব স্ত্রী ন পুমানেষ ন চৈবায়ং নপুংসকঃ।
যদ্‌যচ্ছরীরমাদত্তে তেন তেন স রক্ষ্যতে॥

(তিনি নারী নহেন, নর নহেন এবং নপুংসকও নহেন। তিনি যে যে শরীর গ্রহণ করেন, তত্তৎ শরীরেই সংরক্ষিত হন।)

বাংলার কোন কোন সাধকদল এই শ্লোকটিকে উদ্ধৃত করে তাদের মাতৃভাষায় বলেন—

স্ত্রী লিঙ্গ, পুং লিঙ্গ, লিঙ্গ নপুংসক,
এই তিন লিঙ্গ নহে কৃষ্ণের ভাবক।

প্রেমিক বৈষ্ণব কবিগণ তাদের পরানুভূতির চরম মুহূর্ত্তে ভাবাবেশে গেয়েছেন—

"ন সো রমণ, ন হাম রমণী",

যেই কৃষ্ণ (বিশ্ব আকর্ষণী সত্ত্বা) লিঙ্গ (চিহ্ন) হীন, তাঁর লিখনলিপ্সা তমঃলালস। রেখায় যিনি ধৃত, তিনি বিভু নন, ভাব। অসীম ধৃতধামা থাকেন তার অন্তরাল কারণ হয়ে। বৃক্ষ কখনো ভগবান নন। বৃক্ষের রূপে বিধাতারই রূপায়ণ। সর্ব্বরূপে সর্ব্বাতীতেরই প্রকাশ। "নিখিল ভুবন ব্রহ্মময়" এই বোধে অখিল বিশ্ব সাধকে প্রতিভাত হয় একই হিরণ্ময় সত্ত্বার অনন্ত অভিব্যক্তি রূপে। চিৎসত্ত্বার অনুভূতি ব্যতীত কেবল বাহ্যরূপে বিশ্বকে গ্রহণ, সে ত "প্রতিমাষু শিলা বুদ্ধি"। বৃথাময় অন্তরে ইন্দ্রিয়ের বৃংহন। অন্তর যখন অহং শূন্য তখনই নিরন্তর নিরাকারের প্রকাশ। এই অহংনাশের অভিনির্য্যাসই সাধনা। আত্মাদরে সাধক মূলে ভুল করে স্থূল রূপ হতে রূপান্তরে করে অসীমের অন্বেষণ। ধ্যান যা স্বতঃস্ফূর্ত্ত, তা' পায় কল্পনা-ব্যথিত-গতি। যেন সুরতাপসের অনাদিকাল জাত মূল সুরকে না জেনেই সুরবিস্তারের প্রচেষ্টা, রাগ, রাগিণীর আলাপন। শ্রুতিকটু আর প্রমাদ পূর্ণ। ওমকারকে ধরে অনাহতের অভিবন্দনার শেষে যে সুর সংলাপ সেখানেই থাকে তপস্বীর তাপ সহ জীবনের তামলয় সমন্বিত অপূর্ব্ব সঙ্গীতের সুরবেগ। একের অর্চ্চনার মধ্যেই জেগে উঠে একাধিকের মূর্চ্ছনা। ইচ্ছাসংঘাতে অনাহতের অনুগামী যে সুরধারা উহাত রাগিণী। মূল সুর মহাজাগতিক ধ্বনি তা'র অন্তরাল কারণ। ইচ্ছোত্তর প্রাণসত্ত্বা। চির প্রবহমান অর্দ্ধমাত্রা ধ্বনি। যা'র অনুভূতি আছে, কিন্তু নাই উচ্চারণের স্বেচ্ছাধিকার। সর্ব্ব বাণী ধ্বনির জনক। নিজে কিন্তু জীবোচ্ছল নয়। স্বতঃ উদ্গত নিরাকার এই সুরধারাকে স, র, গ, মের কোঠায় এনে তান লয়ে যে সৌষ্ঠবদান, ইহাতে আছে সুরকারের স্বেচ্ছার অনুবর্ত্তন। উহাত অখণ্ড নয়, খণ্ড। অসীমকে সীমায় প্রকাশের প্রচেষ্টা। সসীম হলেও অসীম ধর্ম্মী।

যেমন মনোলোক। অনন্ত, অসীম, অরূপ। সর্ব্বাকারের উদ্গাতা হয়েও নিজে নিরাকার। অহংতত্ত্বে, মানসী অভিমানিনী শক্তিতে মনোলোকে হয় প্রথম সৃষ্টি ভাবরূপে। উহাই অব্যক্ত ধারা। অভিমানিনী শক্তিতে মনের ঘনীভূত ভাবধারা যখনই কর্ম্মেন্দ্রিয়কে দেয় নির্দ্দেশ তখনই কর্ম্মতৎপর হয় ইন্দ্রিয়গ্রাম সৃজন লালসায়। ভাবের বাস্তব রূপায়ণে। এর পূর্ব্ব পর্য্যন্ত কর্ম্মেন্দ্রিয় নীরব, নিশ্চল। মন তা'র স্বরূপে বর্ত্তমান। মনোজ্ঞ ভাবাঙ্কন সহজ, সরল, সম্ভব। কিন্তু মনঃছবি অন্তাপি অন্তর্গত। অনুভূত হয়েও অলিখিত। রেখাকার রেখায় দেখাতে পারে তা'র ভাব ছবি। কিন্তু ভাবোপধায়ক মনের আলেখ্য অঙ্কনে অসমর্থ। বহুপটে পৃথ্বির পটভূমি হয়েছে সজ্জিত। কিন্তু সেই চির সুন্দর চিত্রকরের চিত্রাঙ্কন আজও সম্ভব হয় নি। "ব্যাপিত্বঞ্চ নিরাকৃতং" বলে কেবল বোধ ও বোধিতে ধরা দেয় মন। কিন্তু সেই অসীমের রূপ প্রকাশ থাকে প্রত্যমুখ।

ইস্‌লাম দর্শন বলে—

"মান আরাকা নাকছা হু।
কাকাদ আরাকা রাব্বা হু॥"

খৃষ্টান দর্শনের উক্তি—

"Know thyself and you will know God."

বাংলার সাধকদল বলেন—

"জানবি যদি ভগবান,
আপনাকে তুই আগে জান।"

আপনাকে জানার তত্ত্বেই আছে অনন্তকে জানবার ধারা। সর্ব্বপ্রদাতা প্রতিভাত হন মনোলোকে। তাইত উপনিষদে বলেছে "মনসৈ বেদমাপ্তব্যম"। মানুষ সাধারণতঃ মনোধর্ম্মী। এই মনোধর্ম্ম দিয়েই বাহুধারায় মানুষ বিচার। সাত্ত্বিক মানসী-বৃত্তিতে মানুষ সৎ, সাধু। তামসী বৃত্তিতে ব্যধুত জীবন তমিস্র। আত্মতত্ত্ব প্রতিভাত হবার পূর্ব্বে মনস্তত্ত্বেই মানুষের স্বরূপ। এই স্বরূপকে ধরেই নিরূপের নিরীক্ষণ। নিরিন্দ্রিয় মনোবোধই নির্ঋতি নিরূপক। এই বোধে প্রতিষ্ঠিত হলেই সর্ব্বাতীত হন দ্বন্দ্বাতীত। নিরাকার তখন "নাস্তি আকার যস্ত নয়", "নির্গতঃ আকারঃ যস্মাৎ"। নিরাকার যে সর্ব্বাকারের সমাহার, লিঙ্গহীন, নিরিন্দ্রিয়, মনের অনুভূতিতেই জন্মে সেই অভিজ্ঞান। দূর হয় সকল অভিশঙ্কা। নির্ব্বিশেষে সবিশেষ আর সবিশেষে নির্ব্বিশেষ এক হয়ে মিলে এই মনোবেলায়। মনের রূপ দিয়েই বুঝতে পারে মনাধীশের স্বরূপ। এই তত্ত্বকে বাদ দিয়ে যে পরমে উপরতি, সে ত "হস্তস্থং পিণ্ডমুৎসৃজ্য লিহ্যেৎ কূর্পর আত্মনঃ" (হস্তস্থিত অন্নমুষ্টি পরিত্যাগ করে নিজের হস্ততল লেহন করে মাত্র)। কলহীনকে নিয়ে হয় কোলাহলের সৃজন। ইন্দ্রিয়ের কলরবে রূপহীনকে আত্মেন্দ্রিয় প্রীতিতে বহুরূপে প্রকাশের প্রচেষ্টা। এজন্যই সাধকদল বলেছেন "আপনাকে তুই আগে জান।"

নিরাকার (আকারশূন্য) ত নাম গোত্রহীন, আকারিত হবে কিসে? যা'র আকারনা বা আহ্বান আছে, তার আকারও আছে। গীতা বলেছে "একাংশেন স্থিতো জগৎ।" অনন্ত বিষয়ী পরমের একটি বিষয় মাত্র জগৎ স্থিত। সেই একটি বিষয় হতে আমিও উদ্ভূত। আমার অতি ক্ষুদ্র ধারণায় সেই সর্ব্বাধীশ পূর্ণ অধৃত বলে তিনি যে আকার হীন এ কথায় ভ্রান্তি আছে। বিশ্বের সব কিছুই নিজ নিজ আকারে প্রতিষ্ঠিত, প্রকাশিত। কারো মত কেউ নেই। এই সকল আকার স্রষ্টা যিনি, স্বাকারে প্রতিষ্ঠিত। তাই অসীম কে সসীম প্রজ্ঞায় পরিচয় পেলেও পূর্ণ ভাবে প্রকাশের অধিকার নেই। এজন্য রামকৃষ্ণ বলেছেন—"ব্রহ্ম অনুচ্ছিষ্ট"। তিনি অসীম বলেই অনুচ্ছিষ্ট, অনন্ত কাল ধ'রে অফুরন্ত ভাবে বলেন যিনি অকথিত, অনাগম। সাদৃশ্য দিয়ে শারীরকের কথা বলা যায়। কিন্তু শতধামাকে প্রকাশ করা যায় না। তিনি কা'র সদৃশ? সৃষ্টিত স্রষ্টার তুল্য নয়। হতেও পারে না।

বায়ু, সূর্য্যালোক নিরাকার, নিরিন্দ্রিয়, সর্ব্বগ। আকারহীন দেখলেও তা'রা তাদের স্বাকারে প্রতিষ্ঠিত। বিশিষ্ট কোন আকার যদি তাদের নাই বা থাকবে তা'হলে নামায়ণ হ'ল কার? আমাকে স্পর্শানুভূতিই বা দেয় কে এবং কিভাবে? এজন্যই উপনিষদ সৃষ্টি ও স্রষ্টা সম্বন্ধে বলেছে—

"বায়ুর্যথৈকো ভুবনং প্রবিষ্টো
রূপং রূপং প্রতিরূপো বভুব।
একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা
রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥

(যে রূপ বায়ু পৃথিবীতে প্রবেশ পূর্ব্বক বিভিন্ন দেহানুযায়ী সেই সেই আকার বিশিষ্ট হয়, সেইরূপ অদ্বিতীয় সর্ব্বান্তরবর্ত্তী আত্মাও বিভিন্ন জীবদেহের আকৃতি সদৃশ হইয়াছেন, অথচ স্বীয় অবিকৃত স্বরূপে বর্ত্তমান) সর্ব্বভূতান্তরাত্মায় যদি একই চিদাভিব্যক্তি না হবে তা'হলে বৈষ্ণব কবি কি ভাবে বল্লেন যে অতনুর তন্ময়তায় সাধকে অনুভূতি আসে—

"যিঁহ যিঁহ নেত্র পড়ে।
তিঁহ তিঁহ কৃষ্ণ স্ফুরে॥"

গীতাও বলে—"বাসুদেব সর্ব্বমিতি"—

তাই শ্রীরামকৃষ্ণ ও বলেছেন—"একই ব্রহ্ম সমুদ্রের জল ভক্তির হিমে বরফ হয়, আবার জ্ঞানের উত্তাপে গলে জল হয়ে যায়।"

জলের জ্ঞান যার আছে, বরফের জ্ঞান ও তার সুপুষ্ট। জলকে যে জানে না বরফের জ্ঞান ও তার অসম্পূর্ণ, অপরিপক্ক। নিরাকারকে না বুঝলে সাকারে যে সার্ব্বভৌমেরই অধিষ্ঠান, এই অনুভূতিও থাকে অদীপ্ত। আমার

অনুভূতি প্রজ্ঞাপুষ্ট নয় বলে, নিরাকার অর্থ "নাস্তি আকার বল্‌লে আমি যে নিহ্নুবান।

নিরাকারকে সর্ব্বাকারের উদ্গাতা বলে যে জানে সেই পায় যথাযথ সত্যোপধৃতি। নিরাকারবাদীই যথাযথ সাকারবাদী। উদ্বাহী মনে যখনই এভাব হয় উদ্বিত, তখনই বিশ্ব উদ্বিক্ষিত হয় "সর্ব্বং খল্বিদংব্রহ্ম" আর "অমৃতস্য পুত্রাঃ" বোধে। তাইত গাছ, মাছ, বৃক্ষলতা থেকে সৃষ্টির প্রতিটি অনু, পরমাণুকে পরমের প্রতিচ্ছন্দ বলে জানাতে হয় প্রণতি। তবে মানুষের গড়া ভগবানের গড়া প্রতিমা ঐ দু'য়ের মাঝে শ্রেষ্ঠ কে? নিকৃষ্ট কেউ নয়। ভগবানের গড়া প্রতিমার এক রূপ নিয়ে অবস্থিতি। আর মানুষের গড়া প্রতিমায় ভাবাঙ্কনে ভগবানের গড়া বহু প্রতিমারই সমাহৃত রূপ।

